

ইসলামিক সন্ত্রাসবাদীরা ছাড় পাবে না

সন্ত্রাসবাদীদের বিরুদ্ধে কঠোর এবং দৃষ্টান্তমূলক পদক্ষেপে দৃঢ়প্রতিজ্ঞ ভারত’, হুঁশিয়ারি মোদির

নয়াদিল্লি, ৩ মেঃ পহেলাগাঁওয়ে হামলাকারী ইসলামিক সন্ত্রাসবাদীরা ছাড় পাবে না। আরও একবার জোর গলায় হুঁশিয়ারি দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। জানিয়ে দিলেন, সন্ত্রাসবাদীদের শাস্তি দিতে ভারত সরকার বদ্ধপরিকর। ভারত-অ্যাসোলো দ্বিপাক্ষিক সাংবাদিক সম্মেলনেও প্রধানমন্ত্রীর মুখে উঠে এল পহেলাগাঁও প্রসঙ্গ। এই মুহুর্তে ভারতে রয়েছেন অ্যাসোলার রাষ্ট্রপতি জৈয়াও লরেন্স। তাঁকে পাশে বসিয়েই প্রধানমন্ত্রী বললেন, সন্ত্রাসবাদ মানববোনের সবচেয়ে বড় শত্রু। আমরা সন্ত্রাসবাদী এবং সন্ত্রাসে মদতদাতাদের বিরুদ্ধে কঠোর এবং দৃষ্টান্তমূলক পদক্ষেপ করার ব্যাপারে প্রতিজ্ঞাবদ্ধ। একই সঙ্গে পহেলাগাঁও হামলার পর যেভাবে অ্যাসোলো ভারতের পাশে দাঁড়িয়েছে, সেজন্য

সেদেশের প্রেসিডেন্টকে ধন্যবাদও জানিয়েছেন প্রধানমন্ত্রী।

বস্তুত, মোদি বারবার ইঙ্গিত

সাহস যারা দেখিয়েছে, তারা ছাড় পাবে না। পৃথিবীর যে প্রান্তেই লুকিয়ে থাক, তাদের খুঁজে বের



করে মারবে ভারত। শুধু তাই নয়, যারা এই সন্ত্রাসবাদীদের আশ্রয় দেয়, যারা আড়াল থেকে সাহায্য করে, তাদের যেটুকু অস্তিত্ব অবশিষ্ট আছে, সেটাও গুঁড়িয়ে দেওয়া হবে। প্রধানমন্ত্রীর সেই হুঁশিয়ারির পর ভারত একাধিক পদক্ষেপ করেছে। তবে এখনও পহেলাগাঁও হামলার মূল অভিযুক্তরা মুক্ত বাতাসে শ্বাস নিচ্ছে।

আবার সন্ত্রাসে মদতের অভিযোগে পাকিস্তানের বিরুদ্ধে কূটনৈতিক পদক্ষেপও করছে নয়াদিল্লি। তবে এখনও জঙ্গিদের বিরুদ্ধে বা মদতদাতা পাকিস্তানের বিরুদ্ধে কোনওরকম সামরিক পদক্ষেপ করা হয়নি। এই পরিস্থিতিতে ফের প্রধানমন্ত্রীর এই হুঁশিয়ারি বেশ তাৎপর্যপূর্ণ।

গোয়ার মন্দিরের শোভাযাত্রায় পদপিষ্ট হয়ে মৃত অন্তত ৭, আহত বহু! খোঁজ নিলেন উদ্বিগ্ন মোদি

গোয়া, ৩ মেঃ গোয়ার লাইরাই দেবীর মন্দিরে পদপিষ্ট হয়ে অন্তত ৭ জনের মৃত্যু হয়েছে। আহত তিরিশেরও বেশি। শুক্রবার অনেক রাতে শিরগাঁওয়ে মন্দিরের বার্ষিক শোভাযাত্রা ‘লাইরাই যাত্রা’য় অংশ নেন হাজার হাজার মানুষ। তখনই ঘট ঘটায় অঘটন। আহতদের গোয়া মেডিক্যাল কলেজ ও উত্তর গোয়া জেলা হাসপাতালে ভিড়ের চাপে পদপিষ্টের পরিস্থিতি তৈরি হয়। ভোরের দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। অনেকে ভিড়ের ঠেলায় পড়ে যান, আর উঠতে পারেননি। আহতের সংখ্যা ৫০-এর বেশি।



তিনি জানিয়েছেন যে, গোটা পরিস্থিতি তিনি ব্যক্তিগত ভাবে পর্যবেক্ষণে রেখেছেন। পাশাপাশি প্রমোদ জানিয়েছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গেও তাঁর কথা হয়েছে। তিনি এই কঠিন সময়ে পূর্ণ

হাসপাতালে ভর্তি করা হয়েছে। কেন এই দুর্ঘটনা ঘটল তা খতিয়ে দেখা হচ্ছে। গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত উত্তর গোয়া জেলা হাসপাতালে আহতদের দেখতে গিয়েছেন। পরিস্থিতির খোঁজ নিয়েছেন তিনি। পরে এঞ্জ হ্যান্ডলে

দিয়েছি। ব্যক্তিগত ভাবে পুরো পরিস্থিতি আমি পর্যবেক্ষণে রেখেছি। যাতে সম্ভাব্য সব রকম পদক্ষেপ করা যায়। মাননীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে আমার কথা হয়েছে। তিনি গোটা পরিস্থিতির বিস্তারিত বিবরণ জানতে চেয়েছে। সেই সঙ্গেই এই কঠিন সময়ে পূর্ণ সহায়তার আশ্বাস দিয়েছেন।

টানা ন’দিন সংঘর্ষ বিরতি চুক্তি লঙ্ঘন করে গুলিবর্ষণ পাকিস্তানের, পাণ্টা জবাব দিল ভারতীয় সেনাবাহিনী

নয়াদিল্লি, ৩ মেঃ পরপর ন’দিন ধরে সংঘর্ষ বিরতি চুক্তি লঙ্ঘন করল পাকিস্তান। শুক্রবার রাত থেকে জম্মু ও কাশ্মীরে লাইন অফ কন্ট্রোল বরাবর বিনা প্ররোচনায় গুলি চালায় পাক সেনা। কুপওয়ারা, উরি এবং আখনুর এলাকায় একাধিক সেনা ছাউনি লক্ষ্য করে গুলি চালায় পাক সেনা। পাণ্টা জবাব দেয় ভারতীয় সেনাও। গত ২২ এপ্রিল পহেলাগাঁওয়ে জঙ্গি হামলায় ২৬ জনের মৃত্যুর পর একাধিক পদক্ষেপ নেয় ভারত সরকার। সন্ত্রাসবাদকে মদত দেওয়ার অভিযোগে পাকিস্তানের সঙ্গে সিদ্ধ জলচুক্তি আপাতত স্থগিত রাখার কথা ঘোষণা করে কেণ্ড্রা। এছাড়াও আরও একাধিক পদক্ষেপ নেওয়া হয়। এর পরেই পাকিস্তানের তরফে জানানো হয় সিদ্ধ জল চুক্তি রদ করা হলে

পাকিস্তান সেটাকে যুদ্ধ হিসাবে বিবেচনা করবে। এরপর থেকেই সীমান্তে উত্তেজনা তৈরি হয়। বৃহস্পতিবার রাতেরও সীমান্তরেখার



নিকটবর্তী কুপওয়ারা, বারামুলা, পুঞ্চ, নৌশেরা, আখনুরের সেনা এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ছাউনি লক্ষ্য করে গুলি চালিয়েছিল পাক সেনা। পাণ্টা জবাব দিয়েছিল ভারতীয় সেনা। তার আগে বুধবার রাতেরও সীমান্তরেখার উরি এবং আখনুর সেক্টরে গুলিবর্ষণ করে পাকিস্তান। মঙ্গলবার রাত থেকে বুধবার ভোর পর্যন্ত সীমান্তবর্তী

লৌসেরা, সুন্দেরবানি, আখনুর সেক্টরে বিনা প্ররোচনায় গুলি চালাতে থাকে পাকিস্তানের সেনাবাহিনী। সোমবার রাতেরও কাশ্মীরের কুপওয়ারা ও বারামুলা সেক্টরে বিনা প্ররোচনায় গুলি চালিয়েছিল পাকিস্তান। তার আগে হামলা চলে পুঞ্চে। ভারতের সঙ্গে পাকিস্তানের মোট ৬৩২৬ কিলোমিটার সীমান্ত রয়েছে। এই সীমান্ত মোট তিনটি ভাগে বিভক্ত। যার মধ্যে গুজরাট থেকে কাশ্মীরের আখনুর পর্যন্ত আন্তর্জাতিক সীমান্ত রয়েছে ২৪০০ কিলোমিটারে কাছাকাছি। জম্মু থেকে লেহ পর্যন্ত লাইন অফ কন্ট্রোল রয়েছে ৭৪০ কিলোমিটারের কাছাকাছি। অ্যাঞ্চুয়াল গ্রাউন্ড পজিশন লাইন রয়েছে ১১০ কিলোমিটারের কাছাকাছি।

পাকিস্তান থেকে সমস্ত আমদানি নিষিদ্ধ ভারতের, ইসলামাবাদকে ভাতে মারার পরিকল্পনা নয়াদিল্লির

নয়াদিল্লি, ৩ মেঃ পহেলাগাঁওয়ে জঙ্গি হামলার পর থেকেই ক্রমশ পারদ চড়েছে দুই দেশের সম্পর্কে। কার্যতই তৈরি হয়েছে যুদ্ধের আবহা। এই পরিস্থিতিতে এবার ইসলামাবাদকে ভাতে মারার পরিকল্পনা করে ফেলল নয়াদিল্লি। পাকিস্তান থেকে এবং সেদেশের মাধ্যমে কোনওরকম পণ্য আমদানিতেই নিষেধাজ্ঞা জারি করল মোদি সরকার। শনিবার এক বিজ্ঞপ্তির মাধ্যমে এমনই ঘোষণা করেছে বৈদেশিক বাণিজ্য অধিদপ্তর। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পাকিস্তানে উপন্ন বা রপ্তানি করা সমস্ত পণ্যের প্রত্যক্ষ বা পরোক্ষ আমদানি বা পরিবহন, তা অথবা আমদানিযোগ্য হোক বা অনুমোদনসাপেক্ষ, পরবর্তী

নির্দেশ না দেও?। পর্যন্ত তাৎক্ষণিকভাবে নিষিদ্ধ করা হল। জাতীয় নিরাপত্তা এবং জননিতির স্বার্থে এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। এই নিষেধাজ্ঞার যে কোনও ব্যতিক্রমের জন্য ভারত সরকারের থেকে পূর্ব অনুমোদনের প্রয়োজন। ইতিমধ্যেই লাগু হয়ে গিয়েছে এই নিষেধাজ্ঞা। বন্ধ করে দেওয়া হয়েছে পাকিস্তানের সঙ্গে যোগাযোগের সমস্ত বন্দরও। গত ২২ এপ্রিল পহেলাগাঁওয়ে হওয়া জঙ্গি হামলায় মৃত্যু হয় ২৫ জনের। এই হামলার পিছনে পাকিস্তানের মদতের যোগসূত্র মিলেছে। হামলাকারীদের

মধ্যে দু’জন পাকিস্তানি বলেও দাবি। হামলার নেপথ্যে হাফিজ সহিদের জড়িত থাকার সম্ভাবনাই প্রবল। এমনঅবস্থায় দুই দেশের সম্পর্কের চরম অবনতি হয়েছে। এই পরিস্থিতিতে আসেই পাক সরকার ভারতের সঙ্গে সমস্তরকম দ্বিপাক্ষিক বাণিজ্য বন্ধের সিদ্ধান্ত ঘোষণা করেছিল। তাতেও বিপাকে পড়েছে ইসলামাবাদই। এমনটিতে পাকিস্তান একাধিক ক্ষেত্রে ভারতের পণ্যের উপর নির্ভরশীল। তবে বাণিজ্য বন্ধের জেরে পাক বাজারে সবচেয়ে বেশি যে জিনিসটার সংকট সবচেয়ে বেশি রয়েছে তা হল তুয়া।

মুখ্যমন্ত্রীর কড়া বার্তার পরই সক্রিয় পুরসভা! রুফটপ রেস্টুরাঁ বন্ধের নোটিস জারি

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মেঃ পার্ক স্ট্রিটের মাগমা হাউসে মুখ্যমন্ত্রীর সারপ্রাইজ ভিজিটের পর কলকাতার সব রুফটপ রেস্টুরাঁ বন্ধের নির্দেশ দিয়েছে কলকাতা পুরসভা। এবার এক এক করে নোটিস দেওয়া হচ্ছে রেস্টুরাঁগুলির মালিকদের। এরপরও তা বন্ধ না হলে কড়া পদক্ষেপ করা হবে বলে পুরসভা সূত্রে জানা গিয়েছে। কিছুদিনের মধ্যে এই সংক্রান্ত বৈঠকও হবে বলে জানা গিয়েছে। সেখানে শহরের বিভিন্ন হোটেলগুলির অগ্নিনির্বাপক ব্যবস্থা কীভাবে চলে সাজনো যায় তা নিয়ে আলোচনা হবে। শহরে একাধিক হোটেল, রেস্টুরাঁ আশুন লাগা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করে। বড়বাজারের এক হোটেলে আশুন লাগার পর সেখানে যান মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। সেখান থেকে সারপ্রাইজ ভিজিটে পার্ক স্ট্রিটের মাগমা হাউসে যান মমতা। অব্যবস্থা নিয়ে প্রশ্ন তোলেন তিনি। তারপরই কলকাতা পুরসভা



সূত্রে জানা গিয়েছে, প্রথমে রেস্টুরাঁর মালিকদের তা বন্ধের নির্দেশ দেওয়া হচ্ছে। শুক্রবার রাত থেকেই অভিযানে নেমেছে পুরসভা। শুক্রবারই পুরসভা এই বিষয়ে একটি নির্দেশিকা জারি করেছে। সেখানে বলা হয়েছে ছাদ ব্যবসার কাজে

ব্যবহার করা যাবে না। রুফটপ রেস্টুরাঁগুলিকে অবিলম্বে সরাতে

মুখ্যমন্ত্রী মুর্শিদাবাদ জেলা সফরে যাচ্ছেন

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মেঃ কেন্দ্রের সংশোধিত ওয়াকফ আইন নিয়ে হিংসা এবং অশান্তির পরে মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায় মুর্শিদাবাদ জেলা সফরে যাচ্ছেন। আগামী সোমবার তিনি কলকাতা থেকে রওনা হয়ে বহরমপুর পৌঁছে সেখানকার পরিস্থিতি নিয়ে রাজ্য ও জেলা প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন বলে নবাব সূত্রে জানতে পারা গিয়েছে। এরপর মুখ্যমন্ত্রী হিংসায় ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলতে পারেন। মঙ্গলবার সূতিতে প্রস্তাবিত এক পরিসেবা প্রদান অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি জেলার উন্নয়নে বেশ কিছু প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করা ছাড়াও হিংসার ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যদের হাতে সহায়তা তুলে দিতে পারেন। এ ছাড়াও তিনি স্থানীয় প্রশাসনের সাথে উন্নয়নের কাজের বিষয়ে কথা বলবেন।

উত্তরবঙ্গের তিস্তা নদী থেকে ড্রেজিং এর পরিবর্তে খনন করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মেঃ রাজ্য সরকার উত্তরবঙ্গের তিস্তা নদী থেকে ড্রেজিং এর পরিবর্তে খনন (মাইনিং) করে বালি ও নুড়ি, পাথর তোলার সিদ্ধান্ত নিয়েছে। ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভলপমেন্ট অ্যান্ড ট্রেডিং কর্পোরেশন লিমিটেডে আগামী বর্ষার মরসুমের আগে জলপাইগুড়ির পাহাড়পুরের কাছে তিস্তা সেতুর নীচ থেকে বালি ও নুড়ি, পাথর তোলার পরিকল্পনা করেছে বলে সেচ দপ্তর সূত্রে জানা গিয়েছে। দূষণ নিয়ন্ত্রন পর্যদের ছাড়পত্র মেলার পরে চলতি বছরে তিস্তার ন্যাব্যতা বৃদ্ধি করতে নদীর ৬ দশমিক ৭০ হেক্টর এলাকা থেকে ৮১ হাজার ৪৮০ কিউবিক মিটার বালি ও এক লক্ষ ২২ হাজার ২২০ কিউবিক মিটার নুড়ি, পাথর তোলার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

জুনের আবেদনে সাড়া, বন্যপ্রাণ সুরক্ষায় আইন সংশোধনের আশ্বাস দিয়ে চিঠি কেন্দ্রীয় মন্ত্রীর

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ মেঃ বন্যপ্রাণ সুরক্ষা নিয়ে মাস তিনেক সংসদে বক্তব্য রেখেছিলেন মেদিনীপুরের তৃণমূল সাংসদ জুন মালিয়া। দাবি তুলেছিলেন মাদ্রাসা আমলের আইন দ্রুত সংশোধন করা হোক। তা নইলে অবলা প্রাণীদের উপর শত অভ্যচারের সঙ্গেও দোষীরা আইনের ফাঁকি গলে রেহাই পেয়ে যান। কারও তেমন শাস্তি হয় না। তাই আইন সংশোধন করা প্রয়োজন। তাঁর সেই আবেদনে সাড়া দিয়ে আইনটি সংশোধনের লক্ষ্যে কাজ শুরু হয়েছে বলে সাংসদকে চিঠি পাঠিয়ে আশ্বস্ত করলেন কেন্দ্রের সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী রাজীব রঞ্জন সিং। জানালেন, খসড়া তৈরি হয়েছে, তা নিয়ে বিভিন্ন পশুপ্রেমী সংগঠন ও অন্যান্য সংশ্লিষ্ট পক্ষের পরামর্শ, মতামত নিয়ে কাজ চলছে। সংশোধনী

প্রস্তাবের সবকিছু খুব ভালোভাবে খতিয়ে দেখা হচ্ছে।গত ফেব্রুয়ারিতে সংসদ অধিবেশন চলাকালীন বক্তব্য রাখতে উঠে বন্যপ্রাণীদের উপর নির্ধারিত নিয়ে লোকসভায় সরব হন তৃণমূলের তারকা সাংসদ জুন মালিয়া। তাঁর বক্তব্য ছিল, বন্যপ্রাণীদের নানাভাবে হেনস্তার ঘটনা প্রায়শই প্রকাশ্যে আসে। পশুপ্রেমী সংগঠনের তরফে পুলিশের দ্বারস্থ হলেও বিশেষ লাভ হয় না। অভিযুক্ত প্রেস্তার হলেও অধিকাংশ ক্ষেত্রেই আইনের ফাঁকি গলে রেহাই পেয়ে যায়। সংসদে ৩৭৭ নম্বর ধারা তুলে সরব হয়েছিলেন তৃণমূল বিভাগের মন্ত্রী রাজীব রঞ্জন সিং। তাঁর কথায়, আমি যত দ্রুত সম্ভব ‘অফ ড্রয়েলটি টু অ্যানিম্যাল’ বিলে সংশোধন আনার প্রস্তাব রাখছি। উল্লেখ্য, ১৯৬০ সালের পর এই আইনে কোনও

পরিবর্তন হয়নি। এমন বহু ধারা রয়েছে, যা জমিনযোগ্য। ফলে অপরাধীরা খুব সহজেই ছাড়া পেয়ে যায়। জুনের সেই বক্তব্যের পরই কাজ শুরু করে কেন্দ্রীয় প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রক। শনিবার মন্ত্রী রাজীব রঞ্জন সিং চিঠি পাঠিয়েছেন তৃণমূল সাংসদকে। জানানো হয়, ‘ অফ ড্রয়েলটি টু অ্যানিম্যাল (অ্যামেন্ডমেন্ট) বিল, ২০২২’-এর খসড়া প্রস্তাব ইতিমধ্যে তৈরি হয়েছে। তা নিয়ে বিভিন্ন পশুপ্রেমী সংগঠন, আইনজীবী, বিশেষজ্ঞ এমনকী সাধারণ নাগরিকদেরও পরামর্শ গ্রহণ করা হচ্ছে। এর পক্ষে, বিপক্ষে নানা মতামত প্রকাশ করছেন তাঁরা। তাই সব খুঁটিনাটি পরীক্ষা করা হচ্ছে। সমস্ত নিয়ম মেনে খসড়া প্রস্তাবটি সংসদে পেশ করা হবে।

আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্ট কি সম্প্রতি নিষ্ক্রীয় হয়ে পড়েছে ?

আপনার KYC আপডেট করিয়ে নিলেই অ্যাকাউন্ট আবার সক্রিয় হয়ে যাবে।

» ব্যাঙ্ক অ্যাকাউন্ট নিষ্ক্রীয় হয়ে পড়ে, যদি দু’বছরের বেশীকাল যাবৎ তাতে কোনো লেনদেন না হয়।

» আপনার ব্যাঙ্কের যেকোনো শাখায় গিয়ে অথবা ডিডিও KYC মারফৎ নিজের KYC আপডেট করিয়ে নিন।

আরো জানতে হ'লে, 14440 নম্বরে মিসড কল করুন, নয়তো এখানে দেখুন: <https://rbikehtahai.rbi.org.in/ia> মতামতের জন্যে, এখানে লিখে জানান: rbikehtahai@rbi.org.in

জনস্বার্থে প্রচার করছে

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক

RESERVE BANK OF INDIA

www.rbi.org.in

সেজে উঠছে বদীনাথ মন্দির, পুণ্যাধীদের জন্য খুলবে ৪ মে



চামোলি, ৩ মে : চারধাম যাত্রা ইতিমধ্যেই পুরোদমে শুরু হয়ে গিয়েছে, পুণ্যাধীদের জন্য খুলে দেওয়া হয়েছে গঙ্গোত্রী, যমুনোত্রী ও কেশবনাথ মন্দির। এবার বদীনাথ মন্দির খুলে যাওয়ার অপেক্ষা। ৪ মে, রবিবার সর্বসাধারণের জন্য খুলে দেওয়া হয়েছে বদীনাথ মন্দিরের দরজা। ইতিমধ্যেই সাজিয়ে তোলা হয়েছে বদীনাথ মন্দির। শুধু শুভ মুহূর্তের অপেক্ষা।গত ৬০ এপ্রিল থেকে শুরু হয়েছে চারধাম যাত্রা, অক্ষয় তৃতীয়ার পবিত্র ওই দিনে খুলে দেওয়া হয় গঙ্গোত্রী ও যমুনোত্রী মন্দির। আর ২ মে, শুক্রবার খুলে দেওয়া হয়েছে কেশবনাথ মন্দির। অবশেষে রবিবার খুলতে চলেছে বদীনাথ মন্দির। পুণ্যাধীদের সুবিধার কথা মাথায় রেখে নানা ব্যবস্থা করা হচ্ছে।

এই প্রথমবার, হিমাচলের উর্বর মাটিতে হলুদ স্কোয়াশের ফলন শুরু



কাংড়া, ৩ মে : এই প্রথমবার হিমাচল প্রদেশের কাংড়া জেলার উর্বর মাটিতে হলুদ স্কোয়াশের ফলন শুরু হয়েছে। কাংড়া জেলার গাঙ্গুলের কাছে কান্ধেহাদ পঞ্চায়েতের অন্তর্গত পার্টোল গ্রামের কৃষক বলবীর সাইনির অগ্রণী প্রচেষ্টার ফলে উর্বর মাটিতেও হলুদ স্কোয়াশের ফলন হয়েছে। কৃষিক্ষেত্রে দূরদর্শী চিন্তাভাবনার পদ্ধতির জন্য পরিচিত সাইনির এই সাফল্য কৃষিক্ষেত্রে এক নতুন মোড় এনেছে।সবুজ স্কোয়াশ চাষের জন্য পরিচিত সাইনির কাজের হলুদ স্কোয়াশ নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করার সিদ্ধান্ত নেন। ফলাফল অসাধারণ পেয়েছেন তিনি। বর্তমানে স্থানীয় বাজারে সবুজ স্কোয়াশ প্রতি কেজি প্রায় ২০ টাকায় পাওয়া যায়, যেখানে হলুদ স্কোয়াশের দাম ৪৫ টাকা প্রতি কেজি। নতুন ফসলের অভিনবরূপ এবং পুষ্টিগুণ মনোযোগ আকর্ষণ করেছে, আশেপাশের গ্রামের কৌতূহলী কৃষকরা সোনালী ফসল দেখতে এবং এর চাষ সম্পর্কে জানতে সাইনির জমিতে আসছেন।


পঞ্জাব, হরিয়ানায ধুলো ঝড় ও বৃষ্টির পূর্বাভাস, চতুীগড়েও একই সম্ভাবনা



নয়াদিল্লি, ৩ মেঃ পঞ্জাব, হরিয়ানা ও চতুীগড়ে বৃষ্টি, ঝোড়ো হাওয়া, শিলাবৃষ্টি, ধুলোঝড় এবং বজ্রপাতের পূর্বাভাস দফরতলো ভারতীয় আবহাওয়া দফরতলো (আইএমডি)। আগামী ৭ মে পর্যন্ত এমনই থাকবে আবহাওয়া। আইএমডি জানিয়েছে, পঞ্জাব, হরিয়ানা ও চতুীগড়-সহ উত্তর-পশ্চিম ভারতে আগামী ৭ মে পর্যন্ত ধুলো ঝড় ও প্রবল হাওয়ার সঙ্গে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আইএমডি-জানিয়েছে, ৫ মে পর্যন্ত হাওয়ার গতিবেগ ৪০-৫০ কিলোমিটার প্রতি ঘণ্টার মধ্যে থাকবে এবং ৬ ও ৭ মে ৩০-৪০ কিলোমিটার প্রতি ঘণ্টায় নেমে আসবে। ধুলো ঝড়ের প্রেক্ষিতে সতর্ক করা হয়েছে। চলতি সপ্তাহ জুড়েই হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং এই অঞ্চলে সাময়িক বৃষ্টিপাত স্বাভাবিকের কাছাকাছি থেকে স্বাভাবিকের চেয়ে বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে বলে মনে করা হয়।

প্রগতি’র ৪৬তম বৈঠকে পৌরোহিত্য করেছেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি (পিআইবি) :প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ‘ প্রগতি’র ৪৬তম বৈঠকে পৌরোহিত্য করেছেন। তথ্য, সংযোগ ও প্রযুক্তি-ভিত্তিক একটি বহুপাক্ষিক মঞ্চ ‘ প্রগতি’তে কেন্দ্রীয় এবং রাজ্য সরকারগুলির বিভিন্ন মন্ত্রক ও দপ্তরের প্রতিনিধিরা যোগ দেন। সরকারি প্রকল্পগুলির নির্ধারিত সময়ে বাস্তবায়ন এবং সক্রিয় প্রশাসনিক কর্মতপরতা নিশ্চিত করতে ‘ এই বৈঠকের আয়োজন করা হয়।আজকের বৈঠকে যে আটটি গুরুত্বপূর্ণ প্রকল্পের পর্যালোচনা করা হয়েছে তার মধ্যে সাক সংক্রান্ত প্রকল্প টনিটি, রেল এবং বন্দর, জাহাজ চলাচল ও জলপথ সংক্রান্ত প্রকল্প দ্বুটি করে রয়েছে। বিভিন্ন রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলে এই প্রকল্পগুলির বাস্তবায়নে ব্যয় হবে প্রায় ৯০ হাজার কোটি টাকা।প্রধানমন্ত্রী, বিভিন্ন অভিযোগের নিষ্পত্তির বিষয়টি পর্যালোচনা করার সময় ‘প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা রায়মণি’ প্রকল্পটির বিষয়ে গুরুত্ব দেন। তিনি বলেন, এই প্রকল্পের সুবিধা প্রাপকদের শনাক্ত করতে হলে এবং তাঁদের তথ্য যাচাইয়ের জন্য প্রতিটি মন্ত্রক এবং দপ্তরের বায়োমেট্রিক-ভিত্তিক আধার যাচাইকরণ ব্যবস্থা মেনে চলতে হবে। ‘ মাতৃ বন্দনা রায়মণি’য় শিশুদের যত্ন করা, সুস্থতা এবং স্বাস্থ্যকর বিভিন্ন অভ্যাস মেনে চলা, পরিচ্ছন্নতা সহ মা এবং



নবজাতক শিশুর কল্যাণ সংক্রান্ত একাধিক বিষয়কে এই প্রকল্পে যুক্ত করা যায় কিনা, সেই বিষয়টি নিয়ে পর্যালোচনার নির্দেশ দেন শ্রী মোদী।পরিকল্পনা সংক্রান্ত প্রকল্পগুলির পর্যালোচনার সময় শহরের বৃহত্তম প্রকল্পগুলির বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, এক্ষেত্রে রিং রোড তৈরির ওপর গুরুত্ব দিতে হবে। আগামী ২৫-৩০ বছরের উন্নয়নের কথা বিবেচনা করে এই ধরনের প্রকল্পগুলির সর্বাঙ্গীণ বিকাশ ঘটানোর প্রয়োজন। তিনি বলেন, সুস্থায়ী উন্নয়ন, দীর্ঘমেয়াদি বাস্তবায়ন এবং যথাযথ ব্যবস্থাপনার বিষয়গুলি

বিবেচনা করে রিং রোডের পরিকল্পনার সময় বিভিন্ন মডেল প্রয়োগের ফলে কি কি সুবিধা ও অসুবিধা হয়েছে, সেগুলি পর্যালোচনা করতে হবে। শহরে পরিবহণ সংক্রান্ত পরিকাঠামোর ক্ষেত্রে চক্রবর্ত্ত পরিষেবাকে যুক্ত করা যায় কিনা, সেই বিষয়টিও বিবেচনা করার প্রস্তাব দেন তিনি। এর ফলে, একটি সুস্থায়ী বিকল্প গণ-পরিবহণ ব্যবস্থা গাে উঠবে।জল মার্গ বিকাশ প্রকল্পের পর্যালোচনা করার সময় শ্রী মোদী বলেন, নৌ-বিহারের মাধ্যমে পর্যটনকে উৎসাহিত করতে নদী তীরবর্তী অঞ্চলের বাসিন্দাদের

দেশের সেনাবাহিনীর পূর্ণ স্বাধীনতা আছেঃজাভেদ আহমেদ রানা

জম্মু, ৩ মে : পহেলগাম কাণ্ডের পর ভারত-পাক উত্তেজনার আবেহে দেশের সেনাবাহিনীর প্রতি পূর্ণ আস্থা প্রকাশ করলেন জম্মু ও কাশ্মীরের মন্ত্রী জাভেদ আহমেদ রানা। তিনি দৃঢ় ভাবে বলেন, শুরু থেকেই এই দেশে সেনাবাহিনীর স্বাধীনতা ছিল। আমাদের সেনাবাহিনী তাদের কাজে

সক্ষম এবং বিশ্বব্যাপী তারা অত্যন্ত সম্মানিত। আমাদের দেশ স্বাধীনতা অর্জনের পর থেকেই সেনাবাহিনীর কাজ করার স্বাধীনতা রয়েছে। এরফলেই তারা দেশের সীমান্ত রক্ষা করতে পারে, জনগণের নিরাপত্তা নিশ্চিত করে। তারা দেশের জন্য ত্যাগ স্বীকার করে।উল্লেখ্য , জম্মু

ও কাশ্মীরের পহেলগামের বৈসন্ন উপত্যকায় জন্মি হামলায় ২৬ জনের মৃত্যু হয়েছে। নিহতদের মধ্যে অধিকাংশই পর্যটক। দু’দশকের ব্যবধানে আবারও কাশ্মীরে বড় হামলার শিকার হন পর্যটকেরা। জম্মু ও কাশ্মীরের পহেলগামে ভয়াবহ সন্ত্রাসী হামলা আরও

যুক্ত করতে হবে। সংশ্লিষ্ট অঞ্চলের হস্তশিল্পী ও শিল্পোদ্যোগীদের কথা বিবেচনা করে বাণিজ্যের প্রসার ঘটানোর জন্য স্থানীয় স্তরে প্রয়োজনীয় পরিবেশ গড়ে তুলতে হবে। এক্ষেত্রে ‘ জেলা এক পণ্য’ উদ্যোগের পাশাপাশি, স্থানীয় স্তরের হস্তশিল্পীদের তৈরি সামগ্রীগুলি প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। স্থানীয় বাসিন্দারা এই প্রক্রিয়ায় সামিল হওয়ার ফলে সংশ্লিষ্ট অঞ্চলে আর্থিক উন্নয়ন বৃদ্ধি পাবে এবং নতুন নতুন জীবিকা তৈরি হবে।প্রধানমন্ত্রী বৈঠকে ‘ গতি শক্তি’ সহ অন্যান্য প্রকল্পগুলির গুরুত্বের বিষয়টি উল্লেখ করেন। সার্বিক উন্নয়ন এবং পরিকল্পনার ক্ষেত্রে এগুলি অত্যন্ত সহায়ক হয়। পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে দক্ষভাবে বাস্তবায়নের সময় বিভিন্ন ক্ষেত্রের সঙ্গে সম্পৃক্ত বিভাগগুলিকে একযোগে কাজ করতে হবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে নিজ নিজ তথ্যাদাতার পরিকল্পিত নতুন নতুন তথ্য যুক্ত করতে হবে এবং অগ্রয়োজনীয় তথ্য বাদ দিতে হবে। এর ফলে এই তথ্যাদাতার ভরসায়িত্ব হবে। ফলস্বরূপ, যে কোন সিদ্ধান্ত গ্রহণ বা পরিকল্পনা নেওয়ার ক্ষেত্রে এটি সহায়ক হবে।‘প্রগতি’র ৪৬তম বৈঠকে মোট ৬৭০টি প্রকল্পের পর্যালোচনা হয়। এই প্রকল্পগুলি বাস্তবায়নে ২০ লক্ষ কোটি টাকা ব্যয় হবে।

রাষ্ট্রপতি ভবনে অ্যাঙ্গোলার প্রেসিডেন্টকে উষ্ণ অভ্যর্থনা, আগ্নুত জোয়াও ম্যানুয়েল



নয়াদিল্লি, ৩ মে : রাষ্ট্রপতি ভবনে গত শনিবার অ্যাঙ্গোলার প্রেসিডেন্ট জোয়াও ম্যানুয়েল গনকালভেস লরেনকোকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়েছে। রাষ্ট্রপতি ভবনে সন্ত্রীক অ্যাঙ্গোলার প্রেসিডেন্ট জোয়াও ম্যানুয়েল গনকালভেস লরেনকোকে এদিন সকালে স্বাগত জানান রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু ও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। অ্যাঙ্গোলার প্রেসিডেন্ট কে গার্ড অফ অনারে অভিবানন জানানো হয়।ভারতের অভিত্যেয়তায় আগ্নুত হয়ে অ্যাঙ্গোলার প্রেসিডেন্ট বলেছেন, ৬৮ বছর পর এই রাষ্ট্রীয় সফর অনুষ্ঠিত হচ্ছে। দুই দেশের মধ্যে বন্ধুত্ব ও সহযোগিতার বন্ধন জোরদার করার লক্ষ্যে আমরা এই সফরকে অ্যাঙ্গোলার জন্য একটি গুরুত্বপূর্ণ সফর হিসেবে দেখছি। গত শনিবার ভারতের জনগণ আমাদের যে বন্ধুত্বপূর্ণ ও অতিথিপরায়ণভাবে গ্রহণ করেছেন, তার জন্য আমরা অত্যন্ত কৃতজ্ঞ।

কংগ্রেস কখনই পাকিস্তানকে সমর্থন প্রদানের সুযোগ হাতছাড়া করে না ঃসম্বিত পাত্র



নয়াদিল্লি, ৩ মে :কংগ্রেসকে আবারও সমালোচনায় বিদ্ধ করলেন বিজেপি নেতা সম্বিত পাত্র। গত শনিবার দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে সম্বিত পাত্র বলেছেন, কংগ্রেস কখনই পাকিস্তানের সেনাবাহিনী, সরকার এবং সন্ত্রাসীদের সমর্থন প্রদানের সুযোগ হাতছাড়া করে না। এটি তাদের মনোবল জমাগত বৃদ্ধি করে। কংগ্রেসের কর্মকাণ্ডকে পাকিস্তানের বাহিনী এবং জঙ্গিদের অস্ত্রজেন সরবরাহ হিসাবে বর্ণনা করা যেতে পারে। তাদের আচরণ বাইরে কংগ্রেস ওয়ার্কিং কমিটির মতো, কিন্তু ভেতরে পাকিস্তান ওয়ার্কিং কমিটির মতো। একজন নেতার পক্ষে প্রধানমন্ত্রী মৌদিকে আক্রমণ করে এবং পাকিস্তানকে সমর্থন করে ক্রমাগত সংবাদ সম্মেলন করা সম্ভব নয়।সম্বিত পাত্র আরও বলেছেন, সন্ত্রাসী হামলার পরপরই, রবার্ট ডবরা হিন্দুত্বের সমালোচনা করেন, দাবি করেন, এই আক্রমণটি হিন্দুত্বের শক্তির প্রতিশোধ ছিল, যা মুসলিমদের কাছে বিরক্তিকর বলে মনে হয়। কংগ্রেস বিধায়ক বিজয় ওয়াদেত্তিওয়ার বলেন, সন্ত্রাসীরা ধর্ম সম্পর্কে জিজ্ঞাসা করেন না এবং তাদের কাছে এই জাতীয় বিষয়গুলি সম্পর্কে জিজ্ঞাসা করার সময় নেই, যুক্তি দেন ধর্মের উপর মনোযোগ দেওয়া উচিত নয়।

প্রধানমন্ত্রীকে চিঠি লিখলেন তেজস্বী যাদব, তুলে ধরলেন নানা মনের কথা

নয়াদিল্লি, ৩ মে : জাতিগত জনগণনা প্রসঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি লিখলেন আরজেডি নেতা তেজস্বী যাদব। চিঠিতে তেজস্বী তুলে ধরেছেন তাঁর মনের কথা। আরজেডি নেতা তেজস্বী প্রধানমন্ত্রী মৌদীকে লেখা চিঠিতে উল্লেখ করেছেন, অপনার বিলম্বিত সিদ্ধান্ত দীর্ঘদিন ধরে সমাজের প্রান্তিক স্তরে নিক্ষিপ্ত নাগরিকদের দাবির স্বীকৃতির প্রতিনিধিত্ব করে। জনগণনার তথ্য সামাজিক সূরক্ষা ও সংরক্ষণ নীতির একটি বিস্তৃত পর্যালোচনার দিকে পরিচালিত করবে। সংরক্ষণের উপর স্বেচ্ছাচারী সীমাও পুনর্বিবেচনা করতে হবে।তেজস্বী চিঠিতে আরও উল্লেখ করেছেন, নির্বাচনী এলাকার পুনর্বিন্যাস জনগণনার তথ্যের প্রতি সচেতনশীল এবং প্রতিক্রি়িত হওয়া উচিত। প্রশ্ন হলঃতথ্য কি পদ্ধতিগত সংস্কারের জন্য অনুঘটক হিসাবে ব্যবহার করা হবে, নাকি এটি পূর্ববর্তী অনেক কমিশন রিপোর্টের মতো ধুলোময় সংরক্ষণাগারে সীমাবদ্ধ থাকবে?

গোয়ার পদপিষ্টের ঘটনায় খোঁজ নিলেন মুখ্যমন্ত্রী, শুরু হয়েছে তদন্ত

পানাজি, ৩ মে :গোয়ার শিরগাঁওয়ের লাইরাই শোভাযাত্রায় পদপিষ্ট হয়ে প্রাণহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি কথা বলেছেন গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওন্তের সঙ্গে। পদপিষ্ট হওয়ার ঘটনায় গত শনিবার সকালে গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত বলেছেন, পদপিষ্ট হয়ে ৬ জন মারা গেছেন এবং ৫০ জনেরও বেশি মানুষ আহত হয়েছেন। খবর পাওয়ার পর আমি ঘটনাস্থলে গিয়েছি। আহতদের হাটপাতালে চিকিৎসা প্রদান করা হচ্ছে। প্রতি বছর ৫০,০০০ এরও বেশি মানুষ এই যাত্রায় অংশগ্রহণ করেন। এটি একটি দুর্ভাগ্যজনক ঘটনা। প্রধানমন্ত্রী মোদী আমাকে ফোন করে ঘটনাটি সম্পর্কে খোঁজখবর নেন। তিনি কেন্দ্র থেকে সহায়তা দেওয়ার আশ্বাসও দিয়েছেন। আমরা আহতদের চিকিৎসার যত্ন নিচ্ছি, এসপি নর্থ এবং কালেক্টর ঘটনার তদন্ত করছেন। আমরা রাজ্যে আগামী ৬ দিনের জন্য সমস্ত সরকারি কর্মসূচি বাতিল করছি।

কোনও কিছুর নাম দেওয়ার আগে কখনই ভাবেন না মমতা, প্রতিক্রিয়া দিলীপ ঘোষের

কলকাতা, ৩ মে : দীঘার জগন্নাথ মন্দিরের নামকরণ ‘জগন্নাথ ধাম’ কথা নিয়ে শুরু হয়েছে বিতর্ক, এই প্রসঙ্গে মুখ খুললেন বিজেপি নেতা দিলীপ ঘোষ। গত শনিবার দিলীপ ঘোষ বলেছেন, মমতা বন্দোপাধ্যায় কোনও কিছুর নামকরণের আগে কখনও ভাবেন না। তিনি যে কোনও নাম দেন,হ্যাঁ, ওড়িশার মানুষ মমতা বন্দোপাধ্যায়কে চিঠি লিখেছেন। শনিবার সকালে কলকাতায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে দিলীপ ঘোষ আরও বলেছেন, তিনি ‘জয় বাংলা’ স্লোগান ব্যবহার করেছিলেন। বাংলাদেশের মানুষ এতে আপত্তি জানিয়েছে... তিনি কেবল ভুল কাজ করেন।

দিল্লিতে বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ খারিজ করলেন পরভেশ, বিঁধলেন অতিশীকে

নয়াদিল্লি, ৩ মে : রাজধানী দিল্লিতে বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ খারিজ করলেন মন্ত্রী পরভেশ বর্মা। দিল্লি বিধানসভার বিরোধী দলনেত্রী তথা এএপি নেত্রী অতিশী মারলেনার অভিযোগও খন্ডন করেছেন পরভেশ। গত শনিবার মন্ত্রী পরভেশ বর্মা বলেছেন,অতিশীর অভিযোগ ভিত্তিহীন। আমরা এমন কোনও বিদ্যুৎ বিভ্রাট দেখিনি, হয়তো কোথাও, অধ ঘণ্টা ধরে বিদ্যুৎ চলে গেছে। আমরা অতিশীর নির্বাহী

এলাকাে কাজ করছি এবং এবার আমরা তার এলাকায়ও জল জমতে দেব না। আমরা বর্ষার জন্যও অপেক্ষা করছি। আমাদের পূর্ণ আস্থা আছে, এবার খুব বেশি জল জমবে।

দুরন্ত বার্তা

৫ মে পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস ভূম্বর্গে, ৬-১১ তারিখ শুষ্ক থাকবে আবহাওয়া

শ্রীনগর, ৩ মে : আগামী ৫ মে পর্যন্ত বৃষ্টিতে ভিজবে জম্মু ও কাশ্মীর। এই সময়ে বৃষ্টির পাশাপাশি দমকা হাওয়া বইবে, এছাড়াও বজ্রপাত ও শিলাবৃষ্টিরও সম্ভাবনা রয়েছে। জম্মু ও কাশ্মীরের আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ৫ মে পর্যন্ত জম্মু ও কাশ্মীরের বিভিন্ন স্থানে বৃষ্টি, দমকা হাওয়া, বজ্রপাত ও শিলাবৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও ঘটনা ৪০-৫০ কিলোমিটার গতিতে হাওয়া বইতে পারে।আবহাওয়া দফতর আরও জানিয়েছে, ৬-৮ মে, এই সময়কালে আবারও শুষ্ক থাকবে জম্মু ও কাশ্মীরের আবহাওয়া। ওই সময়ের শুষ্ক আবহাওয়ার শেষে, ৯-১১ মে জম্মু ও কাশ্মীরের বিভিন্ন স্থানে আবারও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আপাতত জম্মু ও কাশ্মীরের সর্বত্রই মনোরম

পূর্ণাঙ্গ পঞ্জিকা

২০বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ,রবিবার, ইংরেজীঃ৪মে ২০২৫, ৫৩৯ চৈতন্যাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ১৯ বৈশাখ, চান্দ্র ৩০ বিষ্ণু মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাব্দ, ২৫৬৮ বুদ্ধাব্দ, বাংলাদেশঃ১৮ বৈশাখ ১৪৩১, ভারতীয় সিভিলঃ১৭বৈশাখ ১৯৪৭,মৈত্রেঃ৩০ লমতা, আসামঃ ১৫ চ'ত, মুসলিমঃ২৯-রমজানঃ-১৪৪৬ হিজরী।সূর্য উদয়ঃসকাল ০৫ঃ৩৪ঃ২৪ এবং অস্তঃবিকাল ০৫ঃ৪৮ঃ১১।চন্দ্র উদয়ঃসকাল ০৫ঃ৫৩ঃ৪৩ এবং অস্তঃ বিকাল ০৬ঃ৫৫ঃ১৮(৩০)।কৃষ্ণ পক্ষ।তিথিঃ আনবশ্যা (পূর্ণা) বিকাল ঘ ০৫ঃ৫০ঃ০৯ দং ২৮৪৬৩৭.৫ পর্যন্তনক্ষত্রঃ উত্তরভারতীয় রাশিঃ ০৮ঃ২১ঃ৪৩ দং ৩৬৫৮২.৫ পর্যন্ত পরে রেবতী করণঃগর্য বিকাল ঘ ০৫ঃ০৫ঃ০৯ দং ২৮৪৬৩৭.৫ পর্যন্ত পরে কিন্তু যোগঃব্রহ্ম রাশিঃ১১ঃ ১১ঃ৪৩ দং ৪৪৫৬৩২.৫ পর্যন্ত পরে ইন্দ্র অমৃতযোগঃদিন ০৯ঃ৩৯ঃ০৫ থেকে - ১২ঃ৫৪ঃ৪৬ পর্যন্ত এবং রাত্রি ০৮ঃ০৯ঃ৩১ থেকে - ১০ঃ ৩০ঃ৪৬ পর্যন্ত, তারপর ১২ঃ০৪ঃ ৫৬ থেকে - ০১ঃ৩৯ঃ৫০ পর্যন্ত, তারপর ০২ঃ১৬ঃ১০ থেকে - ০৪ঃ ০০ঃ২০ পর্যন্ত।কুলিকবেলাঃদিন ০৬ঃ১৬ঃ২৫ থেকে - ০৭ঃ১২ঃ২০ পর্যন্ত।কুলিকরাত্রিঃ০৫ঃ৪৮ঃ১৭ থেকে - ০৬ঃ৩৫ঃ১১ পর্যন্ত।বারবেলাঃদিন ০১ঃ১৩ঃ০৬ থেকে - ০২ঃ৪৪ঃ৫০ পর্যন্ত।কালাবেলা দিন ০৫ঃ৩৪ঃ৫০ থেকে - ০৭ঃ৫০ঃ১৩ পর্যন্ত, তারপর ০৪ঃ১৬ঃ৩৩ থেকে - ০৫ঃ৪৭ঃ১৭ পর্যন্ত।কালরাত্রিঃ ০৫ঃ৪৮ঃ০৭ থেকে - ০৭ঃ১৬ঃ৩৩ পর্যন্ত, তারপর ০৪ঃ০৬ঃ১৩ থেকে - ০৫ঃ৩৪ঃ০৩ পর্যন্ত।গ্রহঃক্ষুটি (সূর্য উদয় কালাী)ঃরবিঃ১১ঃ১৫ঃ৯১৩ (২৬) ৪ পদচন্দ্রঃ১১২০৫৬২৩ (২৭) ৫ পদমঙ্গলঃ২২৬৭৭৪৭ (৭) ৩ পদবুধঃ১১৩২৪৪৮ (২৬) ১ পদ বৃহস্পতিঃ১২১৪১৫২ (৪) ৪ পদ শুক্রঃ১০২৭৩৯১৫ (২৫) ৩ পদ শনিঃ১০২৭২১১১ (২৫) ৩ পদ রাহঃ১১৪৫৫১৯ (২৬) ১ পদকুতুঃ ৫৪৫৫১৯ (১২) ৩ পদবৃহ বক্রিঃ শুক্র বক্রি।লগ্নঃরানি রাশি সকাল ০৬ঃ২৩ঃ৩২ পর্যন্ত।মেষ রাশি সকাল ০৮ঃ৪৪ঃ০৬ পর্যন্ত।বৃষ রাশি সকাল ১০ঃ০২ঃ২৯ পর্যন্ত।মিথুন রাশি সকাল ১২ঃ১৫ঃ৪৮ পর্যন্ত।কর্কট রাশি দুপুর ০২ঃ৩১ঃ৩১ পর্যন্ত।সিংহ রাশি বিকাল ০৪ঃ৪২ঃ৫১ পর্যন্ত।কন্যা রাশি বিকাল ০৬ঃ৫০ঃ০২ পর্যন্ত।তুলা রাশি রাত্রি ০৯ঃ০৭ঃ১৩ পর্যন্ত।বৃশ্চিক রাশি রাত্রি ১১ঃ২ঃ২৭ পর্যন্ত।ধনু রাশি শেষ রাত্রি ০১ঃ ২৮ঃ১৫ পর্যন্ত।মকর রাশি শেষ রাত্রি ০৩ঃ১৫ঃ০৭ পর্যন্ত।কুম্ভ রাশি শেষ রাত্রি ০৪ঃ৪৪ঃ৩১ পর্যন্ত।

আবহাওয়া

তীব্র দহনজ্বালার মধ্যে অবশেষে স্বস্তির পূর্বাভাস, রবিবার থেকে আবহাওয়া-য় বদলে যেতে পারে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা। ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে উত্তরবঙ্গেও। দক্ষিণবঙ্গের ক্ষেত্রে আগামী ০৫ মে এবং উত্তরবঙ্গের ক্ষেত্রে ৭০ এপ্রিল পর্যন্ত ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে।তার আগে শনিবারও অসহ্য গরম সহ্য করতে হয়েছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা-কে। ঘর্মাক্ত গরমে রীতিমতো নাজেহাল হওয়ার মতো অবস্থা। শনিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ২.১ ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, ৫-৮মে পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ঝড়-বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ৭ ও ৯ মে দক্ষিণবঙ্গের কিছু জেলায় কলসা সতর্ক তাও জারি করা হয়েছে।জোয়ার-সকাল ০৮ টা ৫১মিনিট এবং রাত ০৬টা ৫১ মিনিট। ভাটা-সকাল ১১টা ৫৫মিনিট এবং রাত ১০টা ১৫মিনিট। সূর্যঃ উদয়ঃ সকাল ৫টা ১১মিনিট এবং অস্ত যাবে আজ ৫টা ৫৫মিনিটে।

ভাঙড়ি জিনিসের ফেরিওয়ালার ছেলে সোলেইমান মাধ্যমিকে ৬৪৫

দূরন্ত বার্তা, নলহাটি, ৩ মেঃ বাবা পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় ভাঙড়ি জিনিস পত্রের ফেরিওয়াল। এমনি দুষ্টু প্রান্তিক পরিবার থেকে উঠে আসা সোলেইমান মাধ্যমিকে ৭০০ এর মধ্যে ৬৪৫ নাশ্বার পেয়ে সকলের নজর কেড়েছে। ইংরেজিতে এ ছাড়া সব বিষয়ে ৯০ শতাংশের বেশি পেয়ে ডবল এ পেয়েছে সোলেইমান। সোলেইমান ভবিষ্যতে চিকিৎসক হতে চায়। তার লক্ষ্য তার মতো সমাজের প্রান্তিক মানুষের সেবা করা। বাড়ি নলহাটি থানার বারা ২ গ্রাম পঞ্চায়েতের জোঠা গ্রামে। সোলেইমানের বাবা ইব্রাহিম খলিলউল্লা জানান, তিনি ভাণ্ডা টিন লোহা ফেরিওয়াল। বাড়ি ছেড়ে পশ্চিম মেদিনীপুরের গড়বেতায় আছেন। গ্রামে গ্রামে ঘুরে ভাণ্ডা টিন লোহা কেনেন। খুব কষ্ট করে সংসার চালান। বাড়িতে আছেন বাথটি বছরের বয়স্ক বাবা সাহিফুল্লা সেখ। তিনিও মাঠে ঘাটে



খেটে নাতির পড়ার ফীজ যোগাড় করেন। ধারদেনা ছাড়াও আত্মীয় স্বজন সাহায্য করেন। তাছাড়া ছুটিতে বাড়িতে এসে রাজমিস্ত্রির

যোগাড়ের কাজ করে পরিবারকে সাহায্য করে সোলেইমান। জানা গেছে, বাড়িতে আছেনইব্রাহিম খলিলউল্লার স্ত্রী জসিমা বিবি। তিনি

ঘুমের মধ্যে স্ট্রেশ,সকলকে আচ্ছন্ন করে তিন তিনটি বাড়িতে দুঃসাহসিক চুরি হাওড়ার ডোমজুড়ে

দূরন্ত বার্তা, হাওড়া, ৩ মেঃঘুমের মধ্যে স্ট্রেশর সাহায্যে সকলকে আচ্ছন্ন করে তিন তিনটি বাড়িতে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটলো হাওড়ার ডোমজুড়ে। ডোমজুড় থানার অন্তর্গত মাকডহহ মুসলিম পাড়ায় শুক্রবার গভীর রাতে ওই চুরির ঘটনা ঘটে। অভিযোগ, ঘুমের মধ্যে কিছু স্ট্রেশ করে সকলকে আচ্ছন্ন করে দেওয়া হয়। এরপর পাশাপাশি তিনটি বাড়িতে চুরি হয়। প্রায় লক্ষাধিক টাকার জিনিসপত্র চুরি যায় ওই তিনটি বাড়ি থেকে। ঘুমে আচ্ছন্ন থাকায় দুটি বাড়ির কেউ বুঝতে পারেননি এই ঘটনা। প্রতিবাদেও করতে পারেননি। কিন্তু তৃতীয় বাড়িতে বাড়ির কাঁ সামান্য আওয়াজ পান এবং উঠে দেখেন এই ঘটনা। তাকে বাধা দিতে গেলে



চোর বাড়ির কর্তাকে মারধর করে পালিয়ে যায়। রাতেই ডোমজুড় থানায় খবর দেওয়া হয়। পুলিশ ঘটনার তদন্তে নেমেছে। অভিযোগকারী শেখ আনারুল বলেন, রাতে আমরা ১২টার সময় শুয়ে পড়েছিলাম। রাত প্রায় দেড়টা নাগাদ তালায় অ্যাসিড দিয়ে ভাঙা হয়। এরপর মায়ের ঘর থেকে লকার ভেঙে নগদ ৫০ হাজার টাকা চুরি করে। আমাদের স্ট্রেশ

করে ঘুম পাড়িয়ে রেখেছিল। এরপর আমার ঘর থেকে গয়না নিয়ে পালায়। তারপর আমার সেজ কাকার বাড়িতে ঢুকে সোনার গয়না চুরি করে। এরপর পাশে আমার এক বন্ধুর বাড়ি গিয়ে সেখানে মেরে আমার বন্ধুর মুখ ফাটিয়ে দেয়। ধানায় লিখিত অভিযোগে দায়ের করা হয়েছে। রাতে মোট তিনটে বাড়িতে চুরি হয়েছে। আরেক অভিযোগকারী শেখ কামালউদ্দিন বলেন, রাত প্রায় আড়াইটে নাগাদ আমার ছেলে ছেলে এসে জানায় বাড়ির তালা ভেঙে চুরি হয়েছে। সঙ্গে সঙ্গে উঠে দেখি ঘরে লভভন্ড অবস্থা। নগদ টাকা এবং কিছু জিনিসপত্র চুরি গেছে। বাড়ি থেকে প্রায় ২০গ্রাম সোনা এবং প্রায় কুড়ি হাজার টাকা খোঁওয়া যায়।

বিদ্যুৎ পরিষেবার উন্নতিতে অবিলম্বে কর্তৃপক্ষকে তৎপর হওয়ার দাবী বিদ্যুৎ গ্রাহক সমিতির

পাঁশকুড়া, ৩ মেঃ গ্রীষ্মের শুরুতেই কোলাঘাট-পাঁশকুড়া-মেচেনা সহ জেলা জুড়ে শুরু হয়েছে ভয়াবহ লোডশেডিং। সাধারণত এই হাঁস-ফাঁস গরমে প্রত্যহ কয়েক ঘণ্টা বিদ্যুৎ এর লোডশেডিং একেবারে বাধা,আর কাল্‌বৈশাখী বা সামান্য ঝড়-বৃষ্টি হলে তো দেখতে নেই। কত ঘণ্টা পরে যে বিদ্যুৎ এর দেখা মিলবে,তা কেউ বলতে পারবে না। ফলস্বরূপ বৃদ্ধ-বৃদ্ধা থেকে

শিশু,অসুস্থ ব্যক্তি সহ সবাই ভীষণ সমস্যার সম্মুখীন হচ্ছেন। বিদ্যুতের উপর নির্ভরশীল বিভিন্ন সংস্থাগুলিও চরম ক্ষতির মুখে পড়ছে। বিদ্যুৎ গ্রাহকদের সংগঠন অল বেঙ্গল ইনেক্সিসিটি কনজিউমার্স অ্যাসোসিয়েশন (অ্যাবেকা) রপূর্ব মেদিনীপুর জেলা কমিটির মুখপাত্র নারায়ণ চন্দ্র নায়ক বলেন,পরিষেবার এই হাল হলেও বিদ্যুৎ এর মাশুলবৃদ্ধি সহ নানা ধরনের চার্জ উত্তরোত্তর

বাড়তেই আছে। অথচ প্রায়শঃই বিদ্যুৎমন্ত্রী থেকে শুরু করে মুখ্যমন্ত্রী পর্যন্ত সবাই বলছেন ,বিদ্যুৎ নাকি এরােজা উদ্ভূত। অন্য রাজ্য বা বিদেশে তা বিক্ৰি করা হচ্ছে। আমরা চাই, লোডশেডিং বন্ধে অবিলম্বে যথোপযুক্ত কার্যকরী পদক্ষেপ করে পরিষেবার উন্নতিবিধানে উদ্র্গিউ বি এস ই ডি সি এল কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পদক্ষেপ গ্রহণ করুক।

খুদে পড়ুয়াদের হাতের তৈরি উপহারে মুগ্ধ বিডিও



মতিয়ার রহমান,উল্বেড়িয়া,৩ মেঃ কোমলমতি শিশুদের উদ্ভাবনী শক্তিকে কাজে লাগিয়ে উল্বেড়িয়া-১ ব্লকের বিভিন্ন বিদ্যালয়ের খুদে পড়ুয়ারা নিজ হাতে তৈরি কার্যকর চমৎকার হাতে তৈরি উপহার। এই সৃজনশীল শিল্পকর্মগুলির ডালি সাজিয়ে সম্প্রতি তাঁরা তুলে দিলেন ব্লকের ব্লক উন্নয়ন আধিকারিক (বিডিও) শ্রী এইচ এম রিয়াজুল হকের হাতে। মনোমুগ্ধকর উপহারগুলির মধ্যে ছিল রঙিন কাগজে তৈরি নানা ধরনের ফুলদানি, তেজপাতা দিয়ে তৈরি

বিভিন্ন পাখি, টিস্যু পেপারে গড়া বিভিন্ন ফুলের গাছ, বোনো ঝুড়ি সহ নানা রকম সৃজনশীল হস্তশিল্প। এই উদ্যোগের পেছনে রয়েছে উল্বেড়িয়া-১ ব্লকের সদ্য নিযুক্ত উল্বেড়িয়া দক্ষিণ চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক শ্রী সুরজ মণ্ডল। তিনি জানান, “খুদে পড়ুয়াদের নিয়ে একটি হ্যান্ডিক্রাফ্ট কর্মশালার আয়োজন করা হয়। সেখানে তাদের মধ্যে থাকা সৃণ্ড প্রতিভাকে তুলে ধরার একটি সুযোগ তৈরি হয়েছিল। ফলস্বরূপ, তারা নিপুণ হাতে এই মনোমুগ্ধকর শিল্পকর্মগুলি তৈরি

করেছে। উল্বেড়িয়া ১নং বিডিও শ্রী রিয়াজুল হক খুদে পড়ুয়াদের তৈরি এই উপহার পেয়ে অভিভূত হয়ে বলেন, “এইসব সৃজনশীল বাচ্চারা আমাদের ভবিষ্যৎ। তাদের শিল্পে যে আন্তরিকতা ও নান্দনিকতা ফুটে

উঠেছে, তা সত্যিই প্রশংসনীয়। আগামী দিনে আরও বড় পরিসরে এ ধরনের কর্মশালার আয়োজন করার ইচ্ছে আছে, যাতে ব্লকের আরও পড়ুয়ারা নিজেদের প্রতিভা তুলে ধরতে পারে। ব্লক প্রশাসনের এই উদ্যোগ শুণ্ড পড়ুয়াদের সৃজনশীলতার বিকাশে নয়, বরং তাদের আত্মবিশ্বাস এবং ভবিষ্যতের সম্ভাবনা গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন সকলে। এই ধরনের সৃজনশীলতা কাজের জন্য উল্বেড়িয়া দক্ষিণ চক্রের বিদ্যালয় ও পারদর্শী ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হবে বলে জানান অবর বিদ্যালয় পরিদর্শক সুরজ মন্ডল।

সুন্দরবনের ডাবু এলাকাকে ঘিরে আধুনিক পর্যটন কেন্দ্র তৈরি করতে চলেছে সরকার

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, জয়নগর, ৩ মেঃ সুন্দরবনের পর্যটনে আরও বেশি করে গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার। আর তাই ঢেলে সাজানো হচ্ছে সুন্দরবনকে।আর তাই এবার সুন্দরবনের ডাবু খালের ধারে তৈরি হবে পিকনিক স্পট। আর সম্প্রতি ডাবু এলাকার জমি পরিদর্শন করে গেলে সুন্দরবন উন্নয়ন দফতরের সচিব। জয়নগর ১ নম্বর ব্লকের থোসার চার একর এলাকা ঘিরে নতুন পর্যটন কেন্দ্র তৈরির চিন্তাভাবনা করেছেন রাজ্য সরকার বলে জানানেন স্থানীয় বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সরদার। সেচ দপ্তরের চার একর জমিতে ডাবু খালের ধারে তৈরি হবে পিকনিক



স্পট ও শিশু উদ্যান। ইতিমধ্যেই এই কাজের জন্য জমিও পরিদর্শন করেছেন সুন্দরবন উন্নয়ন দফতরের সচিব অত্রি ডট্টাচার্য। তিনি বলেন, জমি দেখা হয়েছে। অনেক কিছুর

পরিকল্পনা নেওয়া হয়েছে। আর বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সরদার বলেন, পিকনিক স্পট সহ গেস্ট হাউস নির্মাণের পরিকল্পনা নেওয়া হয়েছে। থোসার চার একর

গৃহবধু। তিনিও ভাগ্যের কাছে অসহায়। অভাবের সংসার। এক ছেলে সোলেইমান সেখ ও এক মেয়ে সাবানা খাতুন। মেয়ে সাবানা খাতুন স্থানীয় স্কুলে দশম শ্রেণীতে পড়ে। জসিমা বিবির আল্লাহ তালার কাছে প্রার্থনা, ছেলে যেনো মানুষের মতো মানুষ হয়। সোলেইমান জানায়, অষ্টম শ্রেণী পর্যন্ত জ্যোষ্ঠা জুনিয়র বিদ্যালয়ে সে পড়ে। তারপর পাঁপুড়ি আল আমিন মিশনে নবম ও দশম শ্রেণী পর্যন্ত পড়াশোনা করে।

মাধ্যমিক দিয়ে সেখান থেকে লালবাগ আল আমিন মিশনের শাখায় ভর্তি হয় সে। সেই ক্যাম্পাস থেকে উচ্চ মাধ্যমিকের প্রস্তুতি নিচ্ছে সে। তার লক্ষ্য চিকিৎসক হয়ে দুস্থ মানুষের সেবা করা। মিশনের পক্ষে নুরুল ইসলাম জানান সোলেইমান একজন প্রতিভাবান ছেলে। তার জীবনে সাফল্য সময়ের অপেক্ষা।

বাস পরিষেবা স্বাভাবিক

কলকাতা, ৩ মেঃ বালিখাল-ধর্মতলা রুটের বাস পরিষেবা স্বাভাবিক হয়েছে বলে জানা গেছে। যাবের এক কর্মীকে মদ্যপ অবস্থায় মারধরের অভিযোগে তুলে প্রতিবাদে শনিবার সকালে বালিখাল রুটের বাস বন্ধ করে দেন ওই রুটের বাস কর্মীরা। এর জেরে বালিখাল থেকে ধর্মতলা ৫৪ নম্বর রুটের বেসরকারি বাস পরিষেবা সকালে ব্যাহত হয়। ৫৪ নম্বর রুটে ২০টি বাস প্রতিদিন ধর্মতলায় যাতায়াত করে। শুক্রবার রাতে এক বাস কর্মীকে মারধর করার প্রতিবাদেই এদিন বাস বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। জানা গেছে, জৈনেক বাস কর্মচারী নেশাশু অভিব্যায় বাস ড্রাইভারকে মারধর করে। তারই প্রতিবাদে এদিন বাস বন্ধের সিদ্ধান্ত নেন বাসের কর্মীরা। এর জেরে শনিবার সকাল থেকে বিপাকে পড়েন নিত্যযাত্রী থেকে অফিস যাত্রীরা। পরে পরিস্থিতি স্বাভাবিক হয়েছে বলে জানা গেছে।

ভয়াবহ পথ দূর্ঘটনা, আহত ৩

দূরন্ত বার্তা,জয়নগর, ৩ মেঃ ভয়াবহ পথ দূর্ঘটনা জয়নগরে। আহত ৩। শনিবার বিকালে জয়নগর থানার উত্তর দুর্গাপুর তালতলার মোড়ে জয়নগর মুখী একটি মার্কিট গাড়ি বেপরোয়া ভাবে যেতে গিয়ে কুলপি রোডের ধারে দাঁড়িয়ে থাকা দুজন পথচারী ও একজন জয়নগর মুখী মোটর বাইককে চালককে ধাক্কা মারেন।আর তাতেই গুরুতর আহত হন মোটর বাইক চালক ও দুজন পথচারী। স্থানীয়রা আহত তিন জনকে উদ্ধার করে জয়নগরের সত্যজিত নার্সিংহোমে ভর্তি করলে সেখানে একজনের অবস্থা সংকট জনক হওয়ায় তাকে কলকাতার হাসপাতালে পাঠানো হয়।বাকি দুজনের চিকিৎসা চলছে স্থানীয় না

স্মরণ সভা

নববারাকপুর, ৩ মেঃ নববারাকপুর কালাীবাড়ি রোডে আলোকতীর্থ কাজে ও প্রাক প্রাথমিক বিদ্যালয়ের প্রাক্তন প্রথম প্রধান শিক্ষিকা প্রয়াত কৃষ্ণা বিশ্বাস এবং সমাজকর্মী মনোজ দাসের স্মৃতি চরণ সভা হল শনিবার সকালে বিদ্যালয়ে গৃহে। শুক্রতে উদ্বোধনা সংগীত, এক মিনিট নীরবতা পালন, প্রতিচ্ছবিতো মাল্য ও ফুল দিয়ে শ্রদ্ধা জ্ঞাপন এবং আলোচনা করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা, প্রাক্তনী ও পুরপ্রধান, প্রাক্তন ও সহ শিক্ষিকা, পরিচালন সমিতির সভাপতি সম্পাদক সহ বিশিষ্ট জনেরা। উল্লেখ্য কৃষ্ণা বিশ্বাস আলোকতীর্থ বিদ্যালয়ের প্রথম প্রধান শিক্ষিকা ছিলেন।

রেলের জায়গা দখলমুক্ত করাকেও সমর্থন করতে রাজি নয় তৃণমূল

কলকাতা, ৩ মেঃ অহিন মেনে, আগাম জানিয়ে রেলের জায়গা দখলমুক্ত করাকেও সমর্থন করতে রাজি নয় রাজ্যের শাসক তৃণমূল। বিভিন্ন জায়গায় ঘাসফুলের তরফে প্রকাশ্যেই বাধা দেওয়া হচ্ছে দখলদারদের। কখনও বা পরোক্ষে দেওয়া হচ্ছে হুশিয়ারি। অভিযোগ এমনই। শনিবার ইংরেজবাজার পুরসভার ২৬ নম্বর ওয়ার্ডের তৃণমূল দলের কাউন্সিলর গৌতম দাস জানিয়েছেন, রেলের জায়গাগুলিতে যেখানে পরিত্যক্ত দোকান অথবা ঘর রয়েছে সেগুলি জবর দখল মুক্ত করা হোক। কিন্তু যারা ৩০ থেকে ৪০ বছর ধরে রেলের জায়গায় কোনরকমে ছোটখাটো ব্যবসা করে আসছেন, তাঁদের বিকল্প ব্যবস্থা না করে উঠানো উচিত নয়। পূর্ব রেলের মালদার

ডিআরএম মনিশ কুমার গুপ্তা জানিয়েছেন, রীতিমতো নোটিশ জারি করে রেলের জায়গা থেকে উচ্ছেদ অভিযান চালানো হয়েছে। আগামী দিনে এই ধরনের অভিযান অব্যাহত থাকবে।

তৃণমূল কাউন্সিলারের প্রতিক্রিয়া, “এব্যাপারে আমরা রেল কর্তৃপক্ষকে জানিয়েছি। অন্যায় ভাবে যদি ব্যবসায়ীদের উচ্ছেদ করা হয় তাহলে আগামীতে আন্দোলনের ডাক দেওয়া হবে।

দীর্ঘদিন ধরে মালদার ইংরেজবাজারের বলবলিয়া এলাকায়, রেলের জায়গা দখল রেল কর্তৃপক্ষকে জানিয়েছি। দীর্ঘদিন ধরে মালদার ইংরেজবাজারের বলবলিয়া এলাকায়, রেলের কাৰ্যালয় তৈরি করেছিল তৃণমূল নেতা নরেন্দ্রনাথ তিওয়ারি। ওই এলাকাতেই রেলের জায়গায় অবস্থিত তাঁর ঘনিষ্ঠদের একটি ক্লাব। বাবলা সরকার খনের



ঘটনার পরই স্থানীয় বাসিন্দারা দাবি করে এই জায়গা থেকেই খনের ষড়যন্ত্র করা হয়েছে। মালদা ডিভিশন সূত্রে জানা গিয়েছে, গত একমাস আগেই রেলের জায়গা জবরদখল মুক্ত করতে একটি নোটিশ জারি করা

হয়েছিল। প্রায় ১০০টির বেশি ঝুপড়ি, অস্থায়ী দোকান, ক্লাব ঘর রেলের জায়গা দখল করে তৈরি করা হয়। এলাকা দখল মুক্ত করার নোটিস জারি করা হয়েছিল। পরবর্তীতে এদিন এই উচ্ছেদ অভিযান চালানো হয়েছে।

ভিআরপি সম্মেলনে রুটি-রুজি, স্থায়ীকরণ ও নিয়মিত বেতনের দাবি

দূরন্ত বার্তা, পূর্বস্থলী,কালনা, ৩ মেঃ পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশন (গ্রামীণ সম্পদ কর্মী বা ভিআরপি শাখা)-এর পূর্ব বর্ধমান জেলা সম্মেলন শনিবার অনুষ্ঠিত হলো। কালনা ২ নম্বর ব্লকের কিষান মাণ্ডি সংলগ্ন মানসী লজে। জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত ভিআরপিদের উপস্থিতিতে দিনভর চলা এই সম্মেলনে উঠে



এল তাদের নানান গুরুত্বপূর্ণ দাবি ও সমসয়ার কথা। গ্রামীণ সম্পদ কর্মীদের মূল কাজ হল সোশ্যাল অডিটের মাধ্যমে সরকারি প্রকল্পের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করা। তবে বর্তমানে তারা স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি, বিশেষ করে ডেঙ্গু প্রতিরোধের কাজেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। কিন্তু এত কাজের পরেও তাদের কর্মসংস্থান এখনও অনিশ্চিত। সম্মেলনে ভিআরপিরা জোরালোভাবে দাবি তোলেন তাদের কন্ট্রাকচুরাল (চুক্তিভিত্তিক) কর্মচারী থেকে স্থায়ী কর্মী (পার্মানেন্ট স্টাফ) হিসেবে স্বীকৃতি

দিতে হবে। পাশাপাশি ৬৫ বছর পর্যন্ত কাজের সুযোগ দেওয়ার পাশাপাশি, নিয়মিত মাসিক বেতনের ব্যবস্থা করার দাবি জানানো হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশন (ভিআরপি শাখা)-এর রাজ্য সভাপতি মিজানুর রহমান, পূর্ব বর্ধমান জেলার সাধারণ সম্পাদক সমীর রায়, অহিএনটিটিইউসি-র জেলা সভাপতি সন্দীপ বসু, কালনা পৌরসভার উপ পৌরপতি তপন দেওপ্রসাদ, কালনার বিধায়ক মোহপ্রসাদ বাগ, সহ আরও অবেক বিশিষ্ট জনেরা। বক্তারা তাদের

বক্তব্যে ভিআরপিদের কাজের গুরুত্ব এবং সামাজিক ভূমিকার প্রশংসা করেন এবং জানান যে, তাদের ন্যায্য দাবির সঙ্গে তারা একমত। কর্মীদের ন্যায্য অধিকার রক্ষার জন্য ভবিষ্যতে আরও বড় আন্দোলনের হুঁশিয়ারিও শোনা যায়। এই সম্মেলনের মাধ্যমে একদিকে যেমন ভিআরপিদের সমস্যাগুলি সামাজিকভাবে তুলে ধরা হলো, তেমনি প্রশাসনের দৃষ্টিও আকর্ষণ করা হলো তাদের দাবি পূরণের জন্য। কর্মীদের আশা, সরকারের পক্ষ থেকে তাদের দাবির সুনির্দিষ্ট ও ইতিবাচক সাড়া মিলবে শীঘ্রই।

৭৫তম বর্ষপূর্তি উদযাপন করছে চন্দননগর কলেজ এবং চন্দননগর কলেজের প্রাক্তনীদের অ্যালুমনি এসোসিয়েশন



বনস্পতি দে, চন্দননগর হুগলি, ৩ মেঃ ভারতবর্ষ ব্রিটিশদের হাত থেকে স্বাধীন হয় ১৯৪৭ সালের ১৫ই আগস্ট। ওই দিনই দেশ জুড়ে পালন করা হয় স্বাধীনতা দিবস। গোটা দেশ স্বাধীন হলেও চন্দননগর ছিল তখনও পরাধীন। ফরাসীদের দখলে গঙ্গা তীরবর্তি চন্দননগর। চন্দননগরের স্বাধীনতা দিবস। সাবেক ফরাসী উপনিবেশ চন্দননগর ৭৫ বছর আগে পরে স্বাধীন হয়। তারই উদযাপন হচ্ছে চন্দননগরে। ১৯৫০ সালের ২রা

মে ফরাসী শাসনের অবসান ঘটিয়ে স্বাধীনতা লাভ করে চন্দননগর। বহু ইতিহাসের সাক্ষী সেই শহরের স্বাধীনতার ৭৫তম বর্ষপূর্তি উদযাপন করছে চন্দননগর কলেজ এবং চন্দননগর কলেজের প্রাক্তনীদের অ্যালুমনি এসোসিয়েশন। ইতিমধ্যেই চন্দননগর কলেজ বিল্ডিংকে হেরিটেজ বিল্ডিং হিসেবে স্বীকৃতি দেওয়া হয়েছে। হেরিটেজ হিসেবে স্বীকৃতি পেয়েছে চন্দননগর স্ট্যান্ড। জগৎ বিখ্যাত জগদ্ধাত্রী পুজো, বিশ্ব

বন্দিত আলো এমন অনেক জিনিসই আছে। চন্দননগর কলেজের হেরিটেজ ভবনে রয়েছে ইন্ডিয়ান কাউন্সিল অফ সোশ্যাল সায়েন্স এন্ড রিসার্চ সেন্টার। তাই গোটা চন্দননগর শহরকে হেরিটেজ স্বীকৃতি দেওয়ার আবেদন জানানো হয়।কলেজ অধ্যক্ষ দেবানীষ বাবু বলেন, “চন্দননগরকে হেরিটেজ নগরীর স্বীকৃতি দেওয়ার আবেদন জানানো হয়েছে চন্দননগর কলেজ এবং চন্দননগর কলেজ অ্যালুমনি এসোসিয়েশন এর তরফে। চিঠি পাঠিয়ে আবেদন করা হয়েছে হেরিটেজ কমিশনের চেয়ারম্যান আলাপন বন্দ্যোপাধ্যায়ের কাছে। চন্দননগরের ফরাসী শাসনকালে অনেক বিপ্লবী ব্রিটিশদের চোখে ধুলো দিয়ে আত্মগোপন করে থাকতেন। তাদের স্মৃতি বিজরিত জিনিস সহ ফরাসী আমলের অনেক পুরোনো জিনিস চন্দননগরের নাগরিকের কাছে আছে, তাদের কাছে আবেদন করা হয়েছিল মিউজিয়ামের জন্য সেগুলো দিতে

যাতে সাধারণ মানুষ দেখতে পারেন। অনেকেই সারা দিয়েছেন। পঁচাত্তর বছরের বেশি যারা চন্দননগরে বসবাস করছেন তাদের সম্বর্ধনাও দেওয়া হবে। চন্দননগর কলেজের প্রাক্তনীদের সাহায্যে চন্দননগর ও ডুপ্পে কলেজ নিয়ে বই প্রকাশ হয়েছে আগেই। এবার স্বাধীনতার প্ল্যান্টিনাম জুবিলি উদযাপন চলছে। দেবাশিস সরকার আরও বলেন, “চন্দননগর কলেজ, শালবাঈর সরকারি ডিগ্রি কলেজ এবং খিদিরপুর কলেজ- এই তিনটি কলেজ একসঙ্গে ইন্ডিয়ান কাউন্সিল অফ সোশ্যাল সাইন্স এন্ড রিসার্চ এর কাছে নতুন দিল্লিতে প্রজেক্ট প্রপোজাল জমা দেওয়া হয়েছে। যার আনুমানিক প্রজেক্ট খরচ দু’কোটি টকা। এর ফলে হেরিটেজকে সেন্ট্র করে উপযুক্ত গবেষণার ক্ষেত্রে কলেজ মুখ্য ভূমিকা নেবে। সঙ্গে থাকবে চন্দননগর কলেজের অলুমনি নিয়ে অ্যাসোসিয়েশন এবং চন্দননগরের বিশিষ্ট নাগরিকরা।

স্বাস্থ্য সচেতনতা জন্য বিশ্ব খেতাব জয়

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ মে ঃ এক ঐতিহাসিক মুহূর্তে আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করলেন পশ্চিমবঙ্গের বিশিষ্ট শিক্ষানুরাগী ও সমাজসেবী মলয় পীট। আজ সন্ধ্যায় কাজাখস্তানের আলমাটি শহরে অনুষ্ঠিত এক জাঁকজমকপূর্ণ আন্তর্জাতিক অনুষ্ঠানে ওয়ার্ল্ড বুক অফ রেকর্ডস, লন্ডনের পক্ষ থেকে তাঁকে সম্মানিত করা হয়। ৩৫টিরও বেশি দেশের ৬০জন গণ্যমান্য ব্যক্তি ও সমাজ পরিবর্তনের কাণ্ডারিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। সমাজসেবা, শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে তার উল্লেখযোগ্য ও নিরলস কাজের জন্য এই সম্মান প্রদান করা হয়। ওয়ার্ল্ড বুক অফ রেকর্ডস তাদের সরকারি বিবৃতিতে জানিয়েছে, “মলয় পীটের নেতৃত্ব আমাদের প্রতিষ্ঠানের জন্য এক অনন্য প্রেরণা। শিক্ষার গুণমান, ছাত্র-সহায়তা ও সামাজিক সেবায় তার অদ্বাদন নতুন মানদণ্ড স্থাপন করেছে। এই আন্তর্জাতিক সম্মান তার প্রাণ্য। সমাজের পিছিয়ে পড়া অংশের উন্নয়নের প্রতি মলয় পীটের

অটুট সংকল্প ও বিভিন্ন পদক্ষেপ তাকে ও তার কাজকে আজ আন্তর্জাতিক মঞ্চে পৌঁছে দিয়েছে। বিবৃত কয়েক বছরে তিনি যে সমস্ত প্রকল্পের নেতৃত্ব দিয়েছেন, তা লক্ষ লক্ষ মানুষের জীবনে পরিবর্তন এনেছে। তিনি ভারতের গ্রামীণ ও আধা-শহর এলাকায় ১০০-রও বেশি স্কিল ডেভেলপমেন্ট সেন্টার এবং ২৫টি অহিটিআই (ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট) প্রতিষ্ঠা করেছেন। পাশাপাশি, তিনি ৫০টিরও বেশি শিক্ষাপ্রতিষ্ঠান গড়ে তুলেছেন, যার মধ্যে দুটি মেডিকেল কলেজও রয়েছে। তার নেতৃত্বে গড়ে ওঠা স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলি হাজার হাজার মানুষকে স্বল্পমূল্যে সূচিকিংসা পরিষেবা প্রদান করছে। এই সমস্ত উদ্যোগের মাধ্যমে ইতিমধ্যেই ১০ লক্ষেরও বেশি মানুষকে প্রশিক্ষিত করা হয়েছে এবং ৫ লক্ষেরও বেশি মানুষ চাকরি বা আত্মনির্ভর জীবিকা পেয়েছেন। তার দৃষ্টিভঙ্গিতে সর্বদা সামাজিক উন্নয়ন, যা পরিকাঠামোগত নাগেদ্র প্রসাদ ও ওয়ার্ল্ড বুক অফ



মানসিকতা গঠনে বিশেষ গুরুত্ব পায়, বিশেষত শিক্ষা, গ্রামীণ স্বাস্থ্য ব্যবস্থা, নারীর ক্ষমতায়ন, পরিবেশ সংরক্ষণ ও আধুনিক প্রযুক্তির ব্যবহারের ক্ষেত্রে। ওয়ার্ল্ড বুক অফ রেকর্ডস, লন্ডনের পক্ষ থেকে তাঁর আন্তর্জাতিক সম্মান তাঁর মানবসেবামূলক কাজের আন্তর্জাতিক স্বীকৃতি।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাজাখস্তানে ভারতের হাইকমিশনার ডঃ টি.ভি. নাগেদ্র প্রসাদ ও ওয়ার্ল্ড বুক অফ

রেকর্ডস-এর সিইও মি. সন্তোষ শুক্লা। এই উপলক্ষে সংস্থার অষ্টম বর্ষপূর্তিও পালন করা হয়।মলয় পীট বলেন, “এই আন্তর্জাতিক সম্মান শুধু আমার একার নয়, সরকারের সহায়তায় স্বাস্থ্য, শিক্ষা, মানব সম্পদ ও সামাজিক উন্নয়নে যারা কাজ করছেন, তাঁদের সবার সম্মান। এই সম্মান দায়িত্ব ও কর্তব্য আরও বাড়িয়ে দেয়। আমাকে আরও কাজের জন্য উজ্জীবিত করে।

খাওয়া দাওয়া

কাঁচা আমে মুরগির রেসিপি



উপকরণঃ মুরগি (হাডহস ছোট কাট) আধা কেঁজি, আদাবাটা ১ চা-চামচ, রসুনবাটা ১ চা-চামচ, হলুদগুঁড়া সিকি চা-চামচ, টক দই ১ টেবিল চামচ, শর্ষের তেল সিকি কাপ, লবণ স্বাদমতো, পেঁয়াজকুচি ২ টেবিল চামচ, মরিচগুঁড়া আধা চা-চামচ, কাজুবাদামবাটা ১ টেবিল চামচ, কুচি করা আম ২ টেবিল চামচ, কাঁচা মরিচবাটা ১ টেবিল চামচ, শর্ষেবাটা ১ টেবিল চামচ, নারকেল দুধ সিকি কাপ।

প্রণালিঃ মুরগি কেটে ও ধুয়ে জল ঝরিয়ে নিন। হলুদগুঁড়া, টক দই, ১ টেবিল চামচ তেল, অর্ধেক আদাবাটা, অর্ধেক রসুনবাটা ও সামান্য লবণ দিয়ে মেখে রাখুন ৩০ মিনিট। এরপর চুলায় প্যান দিন। গরম হলে বাকি তেল দিয়ে দিন। পেঁয়াজকুচি দিন। পেঁয়াজকুচি একটু নরম হয়ে এলে শর্ষেবাটা, নারকেলের দুধ ও কাঁচা মরিচবাটা ছাড়া অন্য সব উপকরণ দিয়ে একটু কষিয়ে নিন। মেখে রাখা মুরগি দিয়ে দিন। নেড়েচেড়ে একটু ঢেকে দিন। ভুনে নিন। অর্ধেক হয়ে এলে শর্ষেবাটা, নারকেলের দুধ ও কাঁচা মরিচবাটা দিয়ে অল্প আঁচে ঢেকে দিন। পাঁচ থেকে সাত মিনিট পর নামিয়ে পরিবেশন করুন।

আম দিয়ে মোহিত বানানোর রেসিপি




উপকরণঃ কুচি বা গ্রেট করা কাঁচা আম আধা কাপ, পুদিনাপাতা আধা মুঠো, বড় লেবু অর্ধেকটি (গোল পাতলা করে কেটে নেওয়া), বরফের কিউব ক্রাশ করা প্রয়োজন মতো, লেবুর রস ২ টেবিল চামচ, ঘন চিনির সিরাপ সিকি কাপ বা স্বাদমতো, সোডা জল প্রয়োজন মতো।

প্রণালিঃ গ্রেট করা আম ব্রেন্ড করে নিন। গ্রাসে লেবুর টুকরা, পুদিনাপাতা দিয়ে আলু করে পিষে নিন। এবার ওপরে গুঁড়া বা ক্রাশ করা বরফ, লেবুর রস, চিনির সিরাপ, ব্রেন্ড করা আম ও সোডাজল দিয়ে দিন। সাজিয়ে পরিবেশন করুন।

রাশিয়ার বিরুদ্ধে নতুন অর্থনৈতিক নিষেধাজ্ঞা চূড়ান্ত করেছে যুক্তরাষ্ট্র



মস্কো, ৩ মেঃ রাশিয়ার বিরুদ্ধে নতুন অর্থনৈতিক নিষেধাজ্ঞা চূড়ান্ত করেছে যুক্তরাষ্ট্র। এতে ব্যাংক ও জ্বালানী খাতসংশ্লিষ্ট বিভিন্ন পদক্ষেপও রয়েছে। ইউক্রেন যুদ্ধ বন্ধে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যেন তাঁর প্রচেষ্টায় মস্কোর ওপর চাপ আরও জোরালো করতে পারেন, সে লক্ষ্যেই নতুন এ নিষেধাজ্ঞা আরোপের উদ্যোগ। ভিনজন মার্কিন কর্মকর্তা এবং এ বিষয়ে অবগত আছেন এমন একটি সূত্রে এসব তথ্য জানা গেছে। ট্রাম্প প্রশাসনের একজন কর্মকর্তা বলেন, এ নিষেধাজ্ঞার লক্ষ্যবস্তু হবে রাশিয়ার রপ্তায়ত্ত জ্বালানি সংস্থা গ্যাজপ্রমসহ প্রাকৃতিক সম্পদ ও ব্যাংকিং খাতের সঙ্গে যুক্ত বড় প্রতিষ্ঠানগুলো। তবে এর বেশি কিছু জানাননি তিনি। তবে ট্রাম্প এ প্যাকেজে অনুমোদন



দেবেন কি না, তা এখনো স্পষ্ট নয়। মস্কোর বিবৃতি ও কর্মকাণ্ডের প্রতি তাঁর সহানুভূতি রাশিয়ার প্রেসিডেন্ট জ্বাদিমির পুতিনের যুদ্ধবিরতি এবং শান্তি আলোচনার আহ্বান প্রত্যাখ্যানে হতাশায় পরিণত হয়েছে। এ বিষয়ে অবগত আছে, এমন একটি সূত্র বলেছে, ‘যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা কাউন্সিল রাশিয়ার বিরুদ্ধে আরও শাস্তিমূলক পদক্ষেপ সমন্বিত করার চেষ্টা করছে। এটি ট্রাম্পকেই অনুমোদন দিতে হবে।’ দ্বিতীয় একজন মার্কিন কর্মকর্তা নিশ্চিত করে বলেন, ‘এটি পুরোপুরি তাঁর সিদ্ধান্ত।’ওই কাউন্সিলের মুখপাত্র জেমস হিউইট বলেন, ‘প্রেসিডেন্ট শুরু থেকেই (রাশিয়া ও ইউক্রেনের মধ্যে) পূর্ণাঙ্গ ও ব্যাপক যুদ্ধবিরতি প্রতিষ্ঠার প্রতিশ্রুতি স্পষ্ট করে

কাঁচা আম দিয়ে রুই মাছের ঝোল

উপকরণঃ রুই মাছ ৭-৮ টুকরা, লবণ পরিমাণমতো, আলু ১টা, আশু কালিজিরা আধা চা-চামচ, পেঁয়াজবাটা ২ টেবিল চামচ, রসুনবাটা ১ চা-চামচ, আদাবাটা ১ চা-চামচ, মরিচগুঁড়া দেড় চা-চামচ, হলুদগুঁড়া ১ চা-চামচ, ধনেবাটা সিকি চা-চামচ, জিরাবাটা সিকি চা-চামচ, জল পরিমাণ মতো, কাঁচা আম ১টি কুচি করা, কাঁচা মরিচ ৫৬টি, তেল সিকি কাপ, ধনেপাতা স্বাদমতো।
প্রণালিঃ মাছ কেটে টুকরা করে নিন। লবণ মাখিয়ে রেখে দিন আধা ঘণ্টা। মাছের টুকরোগুলো ভালো করে ধুয়ে নিন। জল ঝরিয়ে নিন এবং সামান্য হলুদ, লবণ মাখিয়ে তেলে ভাজুন। একই ভাবে আলু টুকরা করে ভেজে তুলে রাখুন। এবার একই কড়াইতে তেল দিয়ে কালিজিয়ার ফোড়ন দিন এবং সব বাটা ও গুঁড়া মসলা দিয়ে দিন। নেড়েচেড়ে একটু একটু করে জল দিয়ে খুব ভালো করে কষান। এবার আলু দিয়ে কষান। দুই কাপ গরম জল দিন। ফুটে উঠলে মাছের টুকরাগুলো দিয়ে ঢেকে সাত থেকে আট মিনিট রান্না করুন। ঢাকনা তুলে কাঁচা আমের ফালি ও কাঁচা মরিচ দিয়ে আরও তিন মিনিট ঢেকে রাখুন। ধনেপাতা ছড়িয়ে গরম ভাতের সঙ্গে পরিবেশন করুন।



বানাতে পারেন কাঁচা আমের ললি

উপকরণঃ গ্রেট বা কুচি করা কাঁচা আম আধা কাপ, লবণ সামান্য, তিনি সিকি কাপ, জল ২ কাপ, পুদিনা পাতা স্বাদমতো, বিট লবণ আধা চা-চামচ, সবুজ খাবার রং ১ ফোঁটা।

প্রণালিঃ আম, লবণ, চিনি, জল নিয়ে চুলায় সন্ধ করে নিন। ঠান্ডা হলে বিট লবণ, পুদিনাপাতা ও সবুজ রং দিয়ে ব্রেন্ড করে নিন।

মিশ্রণটি মোটা ছিদ্রওয়ালা ছাঁকনি দিয়ে ছেঁকে নিন। ললির মোস্‌ডে ভরে ডিপ ফ্রিজে রেখে দিন। ললি জমে গেলে বের করে ঠান্ডা ঠান্ডা পরিবেশন করুন।



অস্ট্রেলিয়ায় চলছে জাতীয় নির্বাচনে ভোট গ্রহণ

ক্যানবেরা, ৬ মেঃ অস্ট্রেলিয়ায় শনিবার জাতীয় নির্বাচনে ভোট গ্রহণ চলছে। জনমত জরিপগুলোতে লেবার প্রধানমন্ত্রী আন্ড্রনি আলবানিজ রক্ষণশীল প্রতিদ্বন্দ্বী পিটার ডাটনের চেয়ে এগিয়ে আছেন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অন্ত্রির কূটনৈতিক নীতি নিয়ে দৃষ্টান্তীয় থাকা অস্ট্রেলীয় ভোটারদের মধ্যে পরিবর্তনের প্রতি আগ্রহে ভোটা পড়েছে। অস্ট্রেলিয়ার স্থানীয় সময় সকাল আটটায় ভোট গ্রহণ শুরু হয়। এবারের নির্বাচনে ভোটারের সংখ্যা ১ কোটি ৮০ লাখ। এর মধ্যে রেকর্ড ৮০ লাখ ভোটার আগেই ভোট দিয়েছেন। অস্ট্রেলিয়ার পররাষ্ট্র দপ্তর বলেছে, বিদেশে অস্ট্রেলিয়ার কয়েক হাজার নাগরিক ভোট দেবেন বলে আশা করা হচ্ছে। ৮৩টি দেশে স্থাপিত কেন্দ্রে ভোট গ্রহণ হচ্ছে। প্রধানমন্ত্রী আলবানিজ বলেছেন, তাঁর নেতৃত্বাধীন মধ্য-বামপন্থী সরকার এ মো্যাদে ‘খুবই শক্ত ভিত’ গড়ে তুলেছে। আবাসনব্যবস্থার উন্নতি ও অস্ট্রেলিয়ার সর্বজনীন স্বাস্থ্যসেবা ব্যবস্থা ‘মেডিকেলয়ার’কে আরও শক্তিশালী করার মতো মূলনীতি বাস্তবায়নের জন্য তাঁদের দ্বিতীয় মো্যাদে ক্ষমতায় আসা প্রয়োজন। ভিক্টোরিয়া রাজ্যের মেলবোর্ন শহরে দেওয়া এক বক্তব্যে আলবানিজ বলেন, ‘আমরা অস্ট্রেলিয়ার লক্ষ্যগুলো পূরণ করার কাজ চালিয়ে যেতে চাই।’ডাটনও তাঁর দিন শুরু করেছেন মেলবোর্নে। সেখানকার বেশ কয়েকটি আসনের ফল অনিশ্চিত। তা যেকোনো দিকেই যেতে পারে। ডাটন ‘দেশকে সঠিক পথে ফিরিয়ে আনার জন্য’ লিবারেল-ন্যাশনাল জোটকে ভোট দিতে ভোটারদের প্রতি আহ্বান জানিয়েছেন।সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে ডাটন লিখেছেন, ‘লেবার সরকারের অধীন অস্ট্রেলীয়দের জীবনযাত্রার মান নজিরবিহীনভাবে কমেছে।’ নির্বাচনে দুই বড় দলই জীবনযাত্রার ব্যয় বেড়ে যাওয়াসংক্রান্ত চাপের বিষয়টিকে তাদের প্রচারের কেন্দ্রে রেখেছে। তবে জনমত জরিপে দেখা গেছে, মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের শুদ্ধনীতির কারণে বিশ্বজুড়ে যে অনিশ্চয়তা তৈরি হয়, সেটি দ্রুত অস্ট্রেলিয়ার ভোটারদের কাছে নির্বাচনী প্রচারণার প্রধান ইস্যু হয়ে ওঠে। অস্ট্রেলিয়া যুক্তরাষ্ট্রের ঘনিষ্ঠ নিরাপত্তা মিত্র। সাধারণত যুক্তরাষ্ট্রের সঙ্গে তাদের বাণিজ্যে ঘাটতি থাকে। এরপরও অস্ট্রেলিয়াকে ট্রাম্পের শুদ্ধনীতি থেকে রেহাই দেওয়া হয়নি। অস্ট্রেলীয় পণ্যের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ করেছে যুক্তরাষ্ট্র। ডাটনকে ‘ট্রাম্পের মতো একজন রক্ষণশীল নেতা’ হিসেবে তুলে ধরার চেষ্টা চালিয়েছে লেবার পাটি। তাদের আশা, অস্ট্রেলীয়দের মধ্যে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের প্রতি যে ব্যাপক নেতিবাচক মনোভাব গড়ে উঠেছে, তা কিছুটা হলেও বিরোধী নেতার ওপর প্রভাব ফেলবে। প্রাক্তন পুলিশ কর্মকর্তা ডাটন দুই দশক ধরে পার্লামেন্টে সীমান্ত নীতিতে কঠোর অবস্থান দেখানোর মধ্য দিয়ে সুমাম অর্জন করেছেন। তিনি নির্বাচনে জয়ী হলে হাজার হাজার সরকারি চাকরি কমানোর অঙ্গীকার করেছেন। তবে ট্রাম্পের উপদেষ্টা ইলন মাস্কের সরকারি সংস্থায় কর্মী ছাঁটাইয়ের মনোভাবের সঙ্গে যেন তাঁকে তুলনা না করা হয়, সে চেষ্টাও করেন ডাটন। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প অস্ট্রেলিয়ার ওপর শুল্ক আরোপ করার পর ডাটন পিছিয়ে পড়েন। অথচ ফেব্রুয়ারি মাসেও ডাটন জনমত জরিপে এগিয়ে ছিলেন।

ওয়াাকফ সংশোধনী

আইন নিয়ে

জনজাতি মোচার

জনজাগরণ কর্মসূচি

আগরতলা, ৩ মেঃ ওয়াকফ সংশোধনী আইন নিয়ে বিরোধীদের সৃষ্টি করা বিভ্রান্তি জনগণের মন থেকে দূর করতে জনজাগরণ কর্মসূচির উদ্যোগ গ্রহণ করেছে বিজেপির জনজাতি মোচা। শনিবার আগরতলা শহরের দশরথ দেব ভবনে আয়োজিত এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন প্রশশ বিজেপি সভাপতি তথা রাজসভার সাংসদ রাজীব ভট্টাচার্য, জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সাধুনা চাকমা, জনজাতি সংরক্ষিত আসনের বিধায়ক, এমডিসি সহ অন্যান্যরা। সংসদে সাম্প্রতিক বাজেট অধিবেশনে ওয়াকফ সংশোধনী বিল ধ্বনি ভোটে পাস হয়। রাষ্ট্রপতি স্বাক্ষর করার পর বিলটি আইনে পরিণত হয়। এই ওয়াকফ সংশোধনী আইন নিয়ে বিরোধী দল কংগ্রেস সহ অন্যান্য রাজনৈতিক দলগুলি প্রতিবাদ কর্মসূচি পালন করছে। তাতে বিবাহ হচ্ছেন জনগণ। এই বিভ্রান্তি দূর করার লক্ষ্যে শনিবার বিজেপির জনজাতি মোচা জনজাগরণ কর্মসূচির আয়োজন করে রাজধানীর দশরথ দেব ভবনে।

অনুষ্ঠানের উদ্বোধন করেন প্রশশ বিজেপি সভাপতি তথা রাজসভার সাংসদ রাজীব ভট্টাচার্য। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সাধুনা চাকমা, জনজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা সহ অন্যান্যরা।

দিলীপের বিরুদ্ধে দল কড়া পথে হাঁটবে, আরও একবার মনে করিয়ে দিলেন শমীক

কলকাতা, ৩ মেঃ নিজের বিয়ের পর্ব থেকেই চটায় কেবল দিলীপ ঘোষ। তার উপর দিবার জগন্নাথ মন্দিরের দ্বার উন্মোচনের দিন যখন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে একটি সাক্ষাৎ বসে খোশ গল্প করতে দেখা গেছে, তার পর থেকে বিতর্ক পিছু ছাড়ছে না বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতির। দিলীপাবাবুর বিরুদ্ধে যে দল কড়া পথে হাঁটবে, সে কথা শনিবার সাংবাদিক বৈঠক করে আরও একবার মনে করিয়ে দিলেন বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য। শমীকাবাবু সাংবাদিকদের বলেন, এচএনকে পত্রিকায় হলে তার আচরণকে আশ্বস্ত করতে হয়। নেতৃত্বের প্রতি একটা আনুগত্য রাখতে হয়। সেটা যে কোনও রাজনৈতিক দলের ক্ষেত্রেই প্রযোজ্য। বস্তুত বঙ্গের পদ্মবনেই বামেলা বেঁধেছে। চা চক্র ভঙুল করা থেকে শুরু করে দফার দফায় বিক্ষোভের সম্মুখীন হওয়া, সব মিলিয়ে রাজ্য-রাজনীতি তাকে

জেলি ফিশের কাঁটার খোঁচা, ২৭ মাইল এলাকা সাঁতরেছে মারহিজ



সাঁতার কাটতে গিয়ে ক্রমাগত জেলি ফিশের কাঁটার খোঁচা খাছিল ১৭ বছর বয়সী মার্কিন সাঁতারু মায়্য মারহিজ। শুরুতে হিসাব রাখলেও একপার্শ্বয়ে কতগুলো খোঁচা খাচ্ছে, তা গোনা বন্ধ করে দেয় সে। কারণ, এত ঘন ঘন খোঁচা খাওয়ার কারণে শরীরে এত যন্ত্রণা হচ্ছিল যে তার পক্ষে আর গোনা সম্ভব হয়নি। এই অবস্থার মধ্যেই নিউজিল্যান্ডের কুক প্রণালিতে কয়েক ঘণ্টা ধরে ২৭ মাইল এলাকা সাঁতরেছে মারহিজ। তার পুরো শরীরে কামড়ের ক্ষত। শেষ পর্যন্ত এমন অবস্থা দাঁড়ায় যে তার মুখ, নাক, কান এবং ঠোঁটের ছিল জেলিফিশের কাঁটার আঘাত। কত ঘন ঘন জেলি ফিশের কাঁটার খোঁচা খেতে হয়েছে তার একটি আনুমানিক হিসাব দিয়েছে ক্যালিফোর্নিয়ার বাসিন্দা মারহিজ। সে বলেছে, ‘অনবরত চলছে, প্রতি মিনিটে প্রায় ২৫ বার এমন হয়েছে।’মারহিজ আরও বলেছে, জলেতে নামার সময়ই সে খুব ভয় পাচ্ছিল। যেন কোনো জেলিফিশ না দেখা যায়, তা চাইছিল সে। ভয় কাটিয়ে উঠতে পুরোটা সময় নিজেকে মানসিকভাবে শক্ত রাখার চেষ্টা করছিল। বিশ্বের সবচেয়ে কঠিন জলপথগুলোতে সাঁতার কাটতে গিয়ে মারহিজ বারবারই তার সবচেয়ে ভয়ের জায়গাগুলোকে মোকাবিলা করেছে। কাজটি সে বারবারই করেছে। নিউজিল্যান্ডের উত্তর ও দক্ষিণ দ্বীপকে আলাদা করেছে কুক প্রণালী। গত মাসে মারহিজ এ কুক প্রণালি পাড়ি দিয়েছে। এর মধ্য দিয়ে সে তার লক্ষ্যপূরণের পথে আরেক ধাপ এগিয়ে গেছে। তার লক্ষ্য হলো, বিশ্বের সবচেয়ে কম বয়সী হিসেবে ‘ওশেনস সেভেন’-এ সাঁতারের অভিয়ান শেষ করা। ওশেনস সেভেন হলো, বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা সাতটি ভয়ংকর উন্মুক্ত জলপথে সাঁতারের একটি সিরিজ। মারহিজ ইতিমধ্যেই সফলভাবে নিউজিল্যান্ডের কুক প্রণালি, হাওয়াইয়ের মোলোকাই চ্যানেল, লস অ্যাঞ্জেলেস উপকূলের ক্যালিফোর্নিয়া চ্যানেল এবং ইন্ডোনেসিয়ার ফ্রান্সের মাঝখানে অবস্থিত ইংলিশ চ্যানেল পাড়ি দিয়েছে। এসব কিছু সে করেছে হাইকুল থেকে স্নাতক শেষ করার আগেই। আয়ারল্যান্ড ও স্কটল্যান্ডের মাঝখানের নর্থ চ্যানেল, স্পেন ও মরক্কোর মাঝখানের জিরাষ্টার প্রণালি এবং জাপানের সুন্মাইবগ সুগাক প্রণালিতে এখনো সে সাঁতার কাটেনি। সাঁতার কেটে এগুলো পাড়ি দিতে চায় সে। সবচেয়ে কম বয়সী হিসেবে আমি এটা করতে চাই। এর অর্থ হলো, ‘২০২৮ সালের জানুয়ারির মধ্যে আমাকে এগুলো শেষ করতে হবে। আমি সব কটি শেষ করতে পারব বলে আশা করছি। মেগুলোতে এখনো পাড়ি জমানো বাকি আছে, সেগুলো নিয়ে

আমি সত্যিই খুব উচ্ছসিত।’মারহিজ গত মাসে কুক প্রণালি পাড়ি দিয়েছে। ম্যারাথন সুইমারস ফেডারেশনের নীতিমলা অনুযায়ী, যারা কারও সহযোগিতা ছাড়া এককভাবে উন্মুক্ত জলেতে ম্যারাথন সাঁতারে অংশ নেন, তাদের শুধু সুইম স্টুট পরার অনুমতি আছে। তাঁরা ওয়েটস্টুট পরতে পারেন না। মারহিজকে একটি সহায়ক নৌকা থেকে পথনির্দেশনা দেওয়া হয়। সে প্রতি আধা ঘণ্টা পরপর তার দলের কাছ থেকে খাবার খেতে সাময়িক বিরতি নেয়। মারহিজের বক্তব্য অনুসারে, কুক প্রণালি পাড়ি দেওয়া ছিল এখন পর্যন্ত তার সবচেয়ে কঠিন সাঁতারের অভিজ্ঞতা। সাঁতার শেষ হওয়ার পরদিন সে এটা টের পেয়েছিল। পরদিন সে তার হাতগুলো কাঁধের ওপর তুলতেই পারছিল না। উত্তাল সাগর আর প্রবল স্রোতের কারণে মারহিজ খুব বেশি এগোতে পারছিল না। তাকে আধা দিনের বেশি সময় ধরে সাঁতারেতে হয়েছে। ১৩.৭ মাইলের পরিবর্তে মারহিজকে ২৭ মাইল সাঁতারেতে হয়েছে। সাত ঘণ্টা জলেতে থাকার কথা থাকলেও তাকে থাকতে হয়েছে ১৪ ঘণ্টার বেশি। তবে তার মানসিক দৃঢ়তাকে সবচেয়ে বেশি পরীক্ষার মধ্যে পড়তে হয়েছে। বিশেষ করে সাঁতারের গন্তব্য হিসেবে যে বড় পাখা সজ্জিত উইন্ড টার্বাইনগুলোকে চিহ্নিত করা হয়েছিল, তা কোনোভাবেই কাছে আসছে বলে মনে হচ্ছিল না। মারহিজ তখন নিজেকে বোঝাছিলেন, দুরন্ত নিয়ে অতিরিক্ত চিন্তা না করে শুধু সাঁতার চালিয়ে যাওয়াটাই ভালো কাজ যেতে। এ কারণেই মারহিজ রাতের বেলায় ম্যারাথন সাঁতার কাটতে পছন্দ করে। কারণ, গন্তব্যে পৌঁছানোর জন্য আর কত দূর যেতে হবে অথবা সমুদ্রের তলদেশে কোনো প্রাণী লুকিয়ে থাকতে পারে কি না, তা নিয়ে তার মাথায় আর তখন চিন্তা আসে না।

Name Change
I, SUNIL KUMAR VERMA S/o Late Kundan Mal Verma resident of 12/4, Hrishikesh Ghosh Lane, Salkia, Howrah-711106 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name Sunil Kumar Verma instead of Sunil Verma, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 24/04/2025. Sunil Kumar Verma and Sunil Verma both are same and one identical person.

Name Change
I, KANTA VERMA D/o Prakash Chand Verma resident of 12/4, Hrishikesh Ghosh Lane, Salkia, Howrah-711106 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name Kanta Verma instead of Kanta Burma, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 24/04/2025. SUNIL KUMAR VERMA and SUNIL BURMA both are same and one identical person.

Name Change
I, SUNIL KUMAR VERMA S/o Late Kundan Mal Verma resident of 12/4, Hrishikesh Ghosh Lane, Salkia, Howrah-711106 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name Sunil Kumar Verma instead of SUNIL BURMA, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 24/04/2025. SUNIL KUMAR VERMA and SUNIL BURMA both are same and one identical person.

Name Change
I, Malay Das Roy S/o Late Kumud Ranjan Das Roy resident of VII+PO- Gobrapur, P.S. Bongson, Dist. North 24 Pgs, Pin-743251 WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my father's actual name Late Kumud Ranjan Das Roy instead of Kumud Das Roy, Kumudranjan Das Roy and Kumud Das Roy are same and one identical person.

Name Change
I, ASHOK RAY CHAUDHURI S/o Sallendra Kumar Ray Chaudhuri resident of P-257/9, Upen Banerjee Road, mailing address of B20/9/2, Subhash Marg, P.O. Parnasree, P.S. Parnasree Kolkata-700060, Dist. South 24 Parganas WEST BENGAL, India do hereby solemnly affirm & declaring my actual name ASHOK RAY CHAUDHURI instead of Ashok Roy Choudhury and my wife's actual name TATIA RAY CHAUDHURI instead of TATIA ROY CHODHURY and my daughter's actual name MUMUN DAS ROY instead of Mumun Ray Chaudhuri, Mumun Roy Choudhury vide an affidavit sworn before the Ld. Judicial Magistrate 1st Class at Alipore, Kolkata on 29/04/2025. ASHOK RAY CHAUDHURI both are same and one identical person. TATIA RAY CHAUDHURI and TATIA ROY CHODHURY both are same and one identical person. MUMUN DA ROY, Mumun Ray Chaudhuri and Mumun Roy Choudhury both are same and one identical person.

চলতি আইপিএল-এ ব্যর্থ সামি ইংল্যান্ড সিরিজে খেলা নিয়ে জটিলতা

হায়দরাবাদ, ৩ মেঃ চলতি আইপিএল-এ ধূকছেন মহম্মদ সামি। এতদিন তিনি গুজরাট টাইটান্সে ছিলেন, এ বার তাকে সুযোগ দিয়েছে সানারাইজার্স হায়দরাবাদ। তিনি এসআরএইচ-এর



হয়ে ৯টা ম্যাচ খেলে নিয়েছেন মাত্র ৭টা উইকেট। সঙ্গে প্রায় প্রতিটা ম্যাচে তিনি অতিরিক্ত রান দিয়েছেন। যার পর জাতীয় দলে তাঁর খেলা নিয়ে তৈরি হয়েছে জটিলতা। প্রাক্তন ক্রিকেটাররা সামিকে খেলানো নিয়ে প্রশ্নও তুলেছেন। আইপিএল-এর পর ভারত ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্ট সিরিজ খেলবে। ইংল্যান্ডের মাটিতে

টেস্ট সিরিজ খেলা বরাবরই কঠিন। সেখানে সামি একজন গুরুত্বপূর্ণ প্রেয়ার। কিন্তু তার আগে আইপিএল-এ সামির এই কর্ম চিন্তায় রাখছে। সম্প্রতি পাঞ্জাব কিংসের বিরুদ্ধে ম্যাচে সামি চার ওভার বল করে ৭৫ রান দিয়েছিলেন। যা আইপিএল-এর ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ রান। সামিকে দেখে প্রাক্তন ক্রিকেটার ও বর্তমানে ধারাভাষ্যকার আকাশ চোপড়া বলেন, “সামিকে ভালো দেখাচ্ছে না।” অর্থাৎ, সামিকে তাঁর চেনা ছন্দে দেখা যাচ্ছে না। চোটের জন্য সামি ২০২৪ সালের আইপিএল খেলতে

পারেননি। ২০২৪ সালের মার্চে তাঁর অস্ত্রোপচার হয়। তার আগে ২০২৩ সালে তিনি কেরিয়ারের অন্যতম সেরা ছন্দে ছিলেন। গুজরাটের হয়ে এক মরশুমে নিয়েছিলেন ২৮টি উইকেট। অস্ত্রোপচারের পর তাঁর কর্ম চিন্তায় ফেলাছে। গুজরাট টাইটান্সের বিরুদ্ধে গত ম্যাচে তিনি ৪ ওভারে দিয়েছেন ৪৮ রান এবং একটিও উইকেট পাননি। এটাই ভাবাচ্ছে বিশেষজ্ঞদের। প্রাক্তন ক্রিকেটার ড্যানি মরিসন বলেন, “যখন আপনার এই বড় রকমের অস্ত্রোপচার হয়, তখন মানসিক দিক থেকে ফের শুরু করাটা কঠিন হয়ে যায়। সামি এখন ২৯ বছরের নয়। তাই শরীরের অনেক জিনিস ওর বিপক্ষে যাচ্ছে।” আকাশ চোপড়া বলেন, “সামি চোট সারিয়ে ফিরে ঘরোয়া ক্রিকেটে খেলেছেন এবং এটা যে মাস। ফলে চোট সারানোর পর সময় পেয়েছেন নিজেকে তৈরি করার। মাঝে চ্যাম্পিয়ন্স ট্রফি খেলেছে, অনেক ম্যাচ খেলেছে, তাই আচমকা ফর্ম কী হলো সেটা একটা বড় প্রশ্ন চিহ্ন।” আকাশ চোপড়া প্রশ্ন তোলেন সামি ইংল্যান্ড সিরিজে খেলবেন কি না। কারণ বড়ার গাভাসকার সিরিজের সময় সামি ছিলেন না, বুঝা একা সামলেছেন। আর ইংল্যান্ডের মতো বড় সিরিজে সামি এই ছন্দে থাকে সেটা দলের কাছে বোঝা হয়ে যাবে।

ইডেনে আজ সার্চলাইটে বিস্ময় বৈভব সূর্যবংশী

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ মেঃ কয়েক বছর আগে বাবার কোলে কোলে বাসে ইডেনের গ্যালারিতে কেকেআর ম্যাচ দেখার অভিজ্ঞতা আছে বৈভব সূর্যবংশীরা। কাল রবিবার ইডেনে কলকাতা-রাজস্থান ম্যাচে ১৪ বছরের সেই বৈভবকে ঘিরেই সবচেয়ে বেশি চর্চা। এমনকি মুম্বই ইন্ডিয়ান্সের কাছে হেরে এ বাবের মতো প্লে-অফ স্বপ্ন শেষ হয়ে গিয়েছে রাজস্থান রয়্যালসের। তবু শুক্রবার ইডেনে অভ্যুত্থানী কিছু সমর্থক খোঁজখবর নিচ্ছিলেন, বৈভব আসবেন কি না। এ দিন রাতে কলকাতায় পা রাখল রাজস্থান রয়্যালস। বৈভবকে নিয়ে আগ্রহ তৈরি হলেও বিস্ময়কিশোর শহরে পা রেখেছেন ব্যর্থতা সঙ্গী করে। গুজরাটের বিরুদ্ধে স্বেচ্ছায় করে ইতিহাসে নাম লেখানোর পরের ম্যাচে মুম্বইয়ের বিরুদ্ধে শূন্য রানে ফিরতে হয়েছে। তবে সেই ম্যাচে যে প্রাণ্ডি একবারে শূন্য, তা বলা যাবে না। ম্যাচ শেষে বৈভব পেয়েছেন ভারতের



বিশ্বজয়ী ক্যাপ্টেন রোহিত শর্মার বিশেষ পরামর্শ। বৈভবকে শুভেচ্ছা জানাচ্ছেন রোহিত, এই ছবির ভিডিয়ো সোশ্যাল মিডিয়ায় নিয়েয়ে ভাইরাল হয়ে গিয়েছে। রোহিত ও বৈভবকে এক সঙ্গে সোয়াই মান সিং স্টেডিয়ামে দেখে রবি শাস্ত্রী পর্যন্ত মন্তব্য করেছেন, “রোহিতের থেকে অনেক মূল্যবান টিপস পেতে পারে বৈভব।” তাঁকে নিয়ে ভারতীয় ক্রিকেটে নতুন স্বপ্ন দেখা শুরু যেমন হয়েছে, তেমন সতর্কও করছেন অনেকে। বিনোদ কাশ্যি, পৃথ্বী শ-দের উদাহরণ টেনে অনেকে বলছেন, “কম বয়সে সাফল্য যাতে মাথা ঘুরিয়ে না দেয়, সে দিকেও নজর রাখা জরুরি।” যে কথা মেনে নিচ্ছেন রাজস্থান রয়্যালসের মেন্টর রাহুল দ্রাবিড়। বিস্ময় প্রতিভার পরিচয়। তিনি কী ভাবে করেন, সে দিকেই নজর থাকবে ক্রিকেটপ্রেমীদের। আপাতত কাল রাহুলের তত্ত্বাবধানে ইডেনে ম্যাচের সার্চলাইট থাকছে বৈভবের দিকে।

এআইএফএফ এর বর্ষসেরা ফুটবলার হয়ে কী বললেন শুভাশিস বসু?

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ মেঃ গত কয়েক মরসুম ধরেই অনবদ্য পারফরম্যান্স করে আসছেন শুভাশিস বসু। দলের রক্ষণভাগ সামাল দেওয়ার ক্ষেত্রে সর্বদাই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন এই বাঙালি ফুটবলার। প্রীতম কোটাল দল ছাড়ার পর থেকেই মোহনবাগান সুপার জায়ান্টের অভিযাত্রী হিসেবে দায়িত্ব সামাল দিয়ে আসছেন এই লেফট ব্যাক। তাঁর তত্ত্বাবধানেই গত সিজনে ইন্ডিয়ান সুপার লিগের শিল্প জয় করেছিল মোহনবাগান। এবার টুর্নামেন্টের ফাইনালে লিগ কাপ হাতছাড়া হলেও এবার মিটে গিয়েছে সেই আফশোস। অনবদ্য পারফরম্যান্সের মধ্য দিয়ে এবারও শিল্প জয় করেছে সবুজ-সেফন। তারপর সেই আত্মবিশ্বাস কাজে লাগিয়েই শক্তিশালী বেসালুরু এফসিকে পরাজিত করে এসেছে লিগ ট্রফি। প্রতিটি ক্ষেত্রেই দলের হয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন শুভাশিস বসু। শুধুমাত্র দলের রক্ষণভাগ সামাল দেওয়াই নয়, একাধিকবার তাঁর করা গোলেই সহজ জয় ছিনিয়ে নিয়েছিল কলকাতা ময়দানের এই প্রধান। তাঁর এই অবতপূর্ব পারফরম্যান্স নিঃসন্দেহে তাক লাগিয়ে দিয়েছে সকলকেই। এছাড়াও জাতীয় দলের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা থেকেছে এই বাগান অভিযাত্রীরা। যখনই সুযোগ পেয়েছেন নিজের সেরাটি



উজাড় করে দিয়েছেন তাই তারকা। সবদিক খতিয়ে দেখেই এবার সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের বিচারে বর্ষসেরা

ফুটবলার হিসেবে বিবেচিত হয়েছেন শুভাশিস বসু। সেই নিয়ে সেই নিয়ে যথেষ্ট খুশি সমর্থকরা। এবারের ইন্ডিয়ান সুপার লিগের

মুম্বই নয়, সানির মতে আরসিবি খেতাব জয়ের দাবিদার



মুম্বই, ৩ মেঃ আইপিএল ২০২৫ যত এগোচ্ছে, ততই উত্তেজনা বাড়ছে। আটটি দল এখনও প্লে অফের দৌড়ে রয়েছে। প্রথম চারটি স্থানের জন্য চলছে তীব্র লড়াই। এই পরিস্থিতিতে অনেক প্রাক্তন ক্রিকেটারই সম্ভাব্য চ্যাম্পিয়ন দলের নাম বলতে শুরু করেছেন। এবার এই নিয়ে ভবিষ্যদ্বাণী করলেন সুনীল মনোহর গাভাসকার। ভারতীয় দলের প্রাক্তন অভিযাত্রী গাভাসকারের কাছে রয়্যাল চ্যালেঞ্জার্স বেসালুরু হল সেই দল, যাদের আইপিএল ২০২৫-এর চ্যাম্পিয়ন হওয়ার জন্য উপযুক্ত। আরসিবি চলতি মরশুমে ধারাবাহিক ভাবে দুর্দান্ত পারফর্ম করে চলেছে। প্রতিটি অ্যাগুয়ে ম্যাচেই জিতেছে তারা। ঘরের মাঠে প্রথম তিনটি ম্যাচ হারলেও, শেষ কয়েকটি ম্যাচে

চিম্বাশ্বামী থেকেও জয় তুলে নিয়েছে বেসালুরু। আরসিবি এখন ১০ ম্যাচে সাতটি জয় এবং তিনটি পরাজয় নিয়ে ১৪ পয়েন্ট নিয়ে টেবিলের তৃতীয় স্থানে রয়েছে। চলতি মরশুমে আরসিবি একটি দল হিসাবে খেলেছে। দলটির ভাল দিক হল, তারা দুই-তিনজন খেলোয়াড়ের উপর নির্ভরশীল নয়। এই দলে বিরাট কোহলি, টিম ডেভিড, ত্রুপা পাতিয়া, ভুবনেশ্বর কুমার, দেবদত্ত পাডিকাল এবং জশ হ্যাঞ্জেলউডের মতো ম্যাচজয়ী খেলোয়াড় রয়েছে। আরসিবির ফর্ম সম্পর্কে গাভাসকার বলেন, “মুম্বই ইন্ডিয়ান্সই একমাত্র দল যারা আরসিবির অলরাউন্ডার শক্তির কাছাকাছি।” তবে, তিনি বলেছেন, আরসিবি শিরোপার শক্তিশালী দাবিদার। স্পোর্টস টুডে-র সঙ্গে কথা বলার সময় সানি বলেন, “আরসিবি ভাল ব্যাটিং করেছে এবং দুর্দান্ত ফিল্ডিংও করেছে।” নিজের রাজ্যের দল মুম্বই ইন্ডিয়ান্স সম্পর্কেও বলেছেন গাভাসকার। তিনি বলেন, “মুম্বই ইন্ডিয়ান্সও কাছাকাছি রয়েছে, কিন্তু তারা সবেমাত্র লিড নিয়েছে। শীর্ষ দলগুলির বিপক্ষে তাদের তিনটি কঠিন ম্যাচ আছে। তাই প্রশ্ন হল তারা কি এটা ধরে রাখতে পারবে? তারা কীভাবে এই গতি বজায় রাখবে তা গুরুত্বপূর্ণ হবে। তবে হ্যাঁ, আরসিবি অবশ্যই শিরোপার জন্য শক্তিশালী দাবিদার।”

রাবাডা কেন আইপিএল থেকে দেশে ফিরেছিলেন?

গান্ধীনগর, ৩ মেঃ ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের তারকা পেসার কাগিসো রাবাডাকে নিয়ে রহস্য দানা বাঁধছিল। আইপিএলের শুরুতে হাতে গোনা কয়েকটা ম্যাচ খেলেছিলেন গুজরাট টাইটান্সের এই পেসার। প্রোটিয়া তারকা হঠাৎই দেশে ফেরেন। সে সময় বলা হয়েছিল, বাস্তবিক কারণে দেশে ফিরে গিয়েছেন বিশ্বের অন্যতম সেরা এই পেসার। তিনি কেন দেশে ফিরেছেন বা করে ফের গুজরাট টাইটান্স টীমে যোগ দেবেন, এই নিয়ে কোনও পরিষ্কার উদ্ভিত দেওয়া হয়নি। দক্ষিণ আফ্রিকা থেকেই এল বড় খবর। নিষিদ্ধ মাদক নেওয়ার কারণে তাঁকে নিষিদ্ধ করা হয়েছে, এমনটাই দাবি ক্রিকেট ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফোর। যদিও ঘটনাটি ইন্ডিয়ান প্রিমিয়ার লিগে খেলার সময় নয়। আইপিএলের এ মরসুম শুরু হয়েছিল গত ২২ মার্চ। ৩ এপ্রিল দক্ষিণ আফ্রিকা ফিরে যান কাগিসো। তাঁকে ছাড়াই প্লে-অফের খুব



কাছে গুজরাট টাইটান্স। যদিও প্রশ্ন উঠছিল, রাবাডা করে ফের টাইটান্সের সঙ্গে যোগ দেবেন। ইএসপিএন ক্রিকইনফোর খবর অনুযায়ী, দক্ষিণ আফ্রিকা টি-টোয়েন্টি ফ্র্যাঞ্চাইজি লিগে খেলার সময় নিষিদ্ধ মাদক নিয়েছিলেন কাগিসো রাবাডা। পারফরম্যান্সে উন্নতি বা সহজ কথায়, ওষুধ শেয়ে শক্তি বাড়ানোর মতো এমন সাপ্লিমেন্ট নিয়েছিলেন যা নিষিদ্ধ। তাদের তরফে আরও জানানো হয়েছে, ভারতে ফিরেছেন কাগিসো রাবাডা। নিষিদ্ধ ওষুধের জন্য প্রশিক্ষণাল সাপোর্টমেনে ছিলেন রাবাডা, এমনটাও প্রকাশ্যে এসেছে। দক্ষিণ আফ্রিকায় ফিরে রাবাডা এই ঘটনাকে অনিচ্ছাকৃত বলে জানান। শুধু তাই নয়, ক্ষমাও চেয়ে নেন রাবাডা। তবে গুজরাট টাইটান্স যে ভাবে তাঁর পাশে দাঁড়িয়েছিল, এই পরিস্থিতি থেকে ঘুরে দাঁড়াতে সাহায্য করেছে, এর জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেছেন রাবাডা।

‘বডি ক্যাম’ ব্যবহার করবে রেফারিরা!

জুরিখ, ৩ মেঃ ফিফার নতুন সিদ্ধান্ত। এ বার ক্যামেরা নিয়ে ম্যাচ পরিচালনা করবেন রেফারিরা। ক্লাব বিশ্বকাপে রেফারিদের সঙ্গে থাকবে ভিডিও ক্যামেরা বা ‘বডি ক্যাম’। কলকাতা ট্রাফিক পুলিশের সার্জেন্টরা যে ধরনের ‘বডি ক্যাম’ ব্যবহার করেন, অনেকটা তেমন ক্যামেরা নিয়ে ম্যাচ পরিচালনা করবেন রেফারিরা। ফুটবলের একটি নিয়ম পরিবর্তনেরও সিদ্ধান্ত নিয়েছে ফিফা। গোলরক্ষকেরা ৮ সেকেন্ডের বেশি বল ধরে রাখলে কন্সার পাবে প্রতিপক্ষ দল। ক্লাব বিশ্বকাপ হবে এক মাস ধরে। অংশগ্রহণ করবে ৩২টি দল। এ বারই প্রথম এই প্রতিযোগিতা হবে পূর্ণাঙ্গ প্রতিযোগিতার মতো করে। এই প্রতিযোগিতাতেই ফুটবলপ্রেমীরা খেলা দেখতে পাবেন রেফারির চোখে। অর্থাৎ, একজন রেফারি মাঠে যে ভাবে খেলা বা ফুটবলারদের গতিবিধির উপর নজর রাখেন, দর্শকেরাও সে ভাবে দেখতে পাবেন। ফিফার আশা, ‘বডি ক্যাম’-এর ব্যবহার ফুটবলকে আরও আকর্ষণীয় করে তুলবে দর্শকদের কাছে। আগামী ১৪ জুন শুরু হবে এই প্রতিযোগিতা। ফাইনাল হবে ১৬ জুলাই। আমেরিকার ১১টি শহরে ১২টি স্টেডিয়ামে হবে ম্যাচগুলি। আমেরিকায় হবে ক্লাব বিশ্বকাপ। প্রতিযোগিতার জন্য মোট ১১৭ জন ম্যাচ অফিশিয়ালের তালিকা ঘোষণা করেছে ফিফা। তাদের মধ্যে ৩৫ জন রেফারি, ৫৮ জন সহকারী রেফারি এবং ২৪ জন ভিডিও ম্যাচ অফিশিয়াল বা ভিএআর রেফারি। ৪১টি দেশের ম্যাচ অফিশিয়ালেরা ম্যাচ পরিচালনার সুযোগ পাবেন। ফিফার রেফারি কমিটির সেকারম্যান গিয়েরলুজি কলিনা বলেছেন, “মূলত দর্শকদের কথা জেবেই রেফারিদের ‘বডি ক্যাম’ দেওয়া হবে। এর ফলে দর্শকেরা ফুটবল দেখার নতুন অভিজ্ঞতা অর্জন করতে পারবেন। এমন কিছু ছবি তারা দেখতে পাবেন, যা আগে কখনও তারা দেখেননি, তা-ও অনেকটা বোঝা যাবে। এটাও গুরুত্বপূর্ণ।”

মুম্বই সিটি এফসিকে নিয়ে আবেগঘন পোস্ট নিকোলাওসের



তারকা ফুটবলারদের। তার পরিবর্তে একের পর এক হাইপ্রোফাইল ফুটবলারদের নিয়ে সেজে উঠেছিল মুম্বই। তারমধ্যে অন্যতম ছিলেন নিকোলাওস কারেলিস। পূর্বে জনপ্রিয় ফুটবল ক্লাব প্যান্টেলিকোস জিএফএলের সঙ্গে যুক্ত ছিলেন এই গ্রীক ফরোয়ার্ড। এছাড়াও ইউরোপের একাধিক ফুটবল ক্লাবের হয়ে খেলেছেন তিনি। এই সিজনেই প্রথমবারের মতো খেলতে এসেছিলেন ভারত। ফরোয়ার্ড হিসেবে অধিক পরিচিত হলেও দলের প্রয়োজনে লেফট উইং থেকে ও উঠে আসতে পারেন এই গ্রীক তারকা। যা নিঃসন্দেহে বাড়তি আ্যাভান্টেজ যুক্ত করেছিল দলের মধ্যে। কিন্তু তবুও আশানুরূপ ফল পায়নি এই ফুটবল ক্লাব। ইন্ডিয়ান সুপার লিগের সুপার সিল্বে ফান করার ক্ষেত্রে কালঘাম ছুঁটে গিয়েছিল

এই দলের। শেষ পর্যন্ত অন্যান্য দলগুলিকে টেকা দিয়ে নকআউটে উঠে আসলেও ছিটকে যেতে হয়েছে প্রথমেই। যা কিছতেই ভালোভাবে নেই সমর্থকরা। এমনকি কলিন্স সুপার কাপে অভূতপূর্ব পারফরম্যান্সের মধ্য দিয়ে টুর্নামেন্ট শুরু করলেও সেটা বজায় থাকেনি শেষ পর্যন্ত। যারফলে এবার খালি হাতেই শেষ হয়েছে মরসুম। তবে এখন থেকেই নতুন সিজনের জন্য প্রস্তুতি শুরু করে দিয়েছে আইএসএল জয়ী এই ফুটবল দল। সেই অনুযায়ী বেশ কিছু বদল লক্ষ্য

করা যেতে পারে দলের মধ্যে। এবার কি সেই তালিকায় যুক্ত হতে চলেছে নিকোলাওসের নাম? গত শুক্রবার নিজের সোশ্যাল সাইটে সেই সংক্রান্ত একটি পোস্ট করেন এই তারকা ফুটবলার। যেখানে তিনি লেখেন, ‘বহু ক্ষেত্রেই দলের পারফরম্যান্সে উত্থান এবং পতন ঘটেছে। তবে যা স্থির থেকেছে সেটা হল সমর্থকদের আবেগ। প্রতিটি দিন একটি জয় ছিল না ঠিকই তবে প্রতিদিন একটি পাঠ ছিল, ফুটবল আপনাকে লড়াই করতে, উঠতে, বিশ্বাস করতে শেখায়। কঠোর পরিশ্রম, বিপত্তি, জয় এবং সর্বেশ্বর, যে দলটি এটি করে চলেছে তাঁর জন্য গর্বিত। আবেগ কখনও কমে যায় না, কঠোর পরিশ্রম কখনও থামে না এবং আমি কখনই থেকে থাকবো না। ইশ্বরকে অসংখ্য ধন্যবাদ।’

পহেলগাম কাণ্ডের জের, পাকিস্তান থেকে টুর্নামেন্ট সরল উজবেকিস্তানে

তাসকেন্ট, ৩ মেঃ পহেলগাম কাণ্ডের জেরে পাকিস্তানের সঙ্গে সম্পর্ক তলানিতে ঠেকেছে ভারতের। সবক্ষেত্রেই প্রতীবন্ধী দেশটিক বয়কট করতে শুরু করেছে ভারত। বাইরে নেই ক্রীড়া দুনিয়াও। ইতিমধ্যে পাক তারকা ক্রিকেটারদের ইন্সটাগ্রাম অ্যাকাউন্ট বন্ধ করে দিয়েছে কেন্দ্র সরকার। বিসিসিআইও জানিয়েছে বাইশ গজের দুনিয়ায় তারা আর পাকিস্তানের সঙ্গে খেলবে না। এ প্রসঙ্গে তারা আইসিসির কাছে দরবারও করেছে। এদিকে, এবার সেন্ট্রাল এশিয়া ভলিবল চ্যাম্পিয়নশিপ হওয়ার কথা ছিল পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে। পুরুষদের এই টুর্নামেন্টের জন্য ভারত তার ক্রীড়াবিদ ও কর্মকর্তাদের তালিকাও পাঠিয়েছিল। পহেলগামের সস্তাসী হামলারা পর ভারত জানিয়ে দেয় এই টুর্নামেন্ট খেলতে তারা পাকিস্তানে যাবে না। এর পরিপ্রেক্ষিতে সেন্ট্রাল এশিয়া ভলিবল অ্যাসোসিয়েশন তাদের নেশনস লিগের আয়োজক দেশ পরিবর্তনের

সিদ্ধান্ত নিয়েছে। পূর্বনির্ধারিত ইসলামাবাদের বদলে টুর্নামেন্টটি এখন উজবেকিস্তানে অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে আয়োজক কমিটির পক্ষ থেকে। নেপালের কাঠমান্ডুতে সিএভিএ-এর বার্ষিক সাধারণ সভায় সদস্য দেশগুলি এই সিদ্ধান্ত চূড়ান্ত করে। মূলত ভারতের অংশগ্রহণ নিয়ে অনিশ্চয়তা ও নিরাপত্তা সংশ্লিষ্ট উদ্বেগ থেকেই আয়োজক দেশ বদলের সিদ্ধান্ত নেয়া হয়। এই প্রসঙ্গে পাকিস্তান ভলিবল ফেডারেশনের সিনিয়র কর্মকর্তা চৌধুরী মহম্মদ ইয়াকুব বলেন, “কয়েকটি দেশ নিরাপত্তাজনিত কারণে পাকিস্তানে খেলতে আসতে চাননি। এজন্যই স্থান পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।” নতুন আয়োজক উজবেকিস্তানে টুর্নামেন্টটি আগের সময়সূচি অনুযায়ী ২৯ মে থেকে ৪ জুন পর্যন্ত অনুষ্ঠিত হবে। এতে অংশ নেবে ছয়টি দেশ- পাকিস্তান, ভারত, ইরান, তুর্কমেনিস্তান, কির্গিজিস্তান এবং তাজিকিস্তান।

প্রকাশিত

সুচিকিৎসা

২৭ বর্ষ • ষষ্ঠ সংখ্যা • ১ মে ২০২৫

মানসিক চাপ থেকে মুক্তি

- “মন ভালো তো সব ভালো, স্ট্রেস কে বলুন বিদায়”
- রোবোটিক সার্জারি-ই হাটু প্রতিস্থাপনের আদর্শ সার্জারি
- ডিম্বাশয়ের ক্যানসার
- ক্যানসার চিকিৎসা এবং আধুনিক রেডিওথেরাপি
- মহিলা এবং ক্যানসার - কিছু সত্যতা
- রেডিয়াল অ্যাজিওপ্লাস্টি
- অগ্রাণুবয়স্কদের জীবনোমানসিকচাপ
- মানসিক চাপ
- মানসিকচাপ থেকেমুক্তি
- একাকীত্ব ও মানসিক চাপ

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে পাশের কোডটি স্ক্যান করুন